2 nls

# সূচীপত্র ৷

मक्रना हत्।	٠, ١
গ্রন্থ স্ক্রনা	ેર
ভুপতির পুত্রবর প্রাপ্তি	•
मशी कर्जुक गण्ण हतन ताकीरक अरवाध अमान	<b>b</b>
শ্রেষ্ঠ পত্নীর উপপতি সম্ভোগ	>•
হোরমুন্তের জন্ম রুতান্ত	>8
<b>উ</b> छान वर्गन	76
रशाभूरकत क्रभ मर्गत्न शालवाञ्चत मृष्ट्री अ	}
স্থীদিগের নিকট ভাব প্রকাশ	<b>₹</b> }.
গোলবানুর খেদ	<b>19</b> ,
হোরমুন্দের প্রতি সখীর উক্তি	₹0:
স্থীর প্রতি হোরমুজের উক্তি	À
স্টুটরী হোরমুন্সের নিকট হইতে আসিরা গো	
লবানুকে কহিতেছে	30.
সংচরীর প্রতি গোলবামুর উক্তি	à
গোলবানুর প্রতি সহচরীর উক্তি	à.
গোলবাত্বর সহচরীর প্রতি পুনরুক্তি ও হোর-	
मूरकत निरुच एउ पर्यन	<b>۱</b> ۲۶.
গোলবামুর অদর্শনে হোরমুজের থেদ	: 2
হোরমুজের বিরহ	50
গোলবামুর সুধোনাগরের সহিত বিহার	lex.
A RILL ALL BENEAUTH TO THE PART PART THE	

## मूही शब ।

, ·	
হোরমুজের অদর্শনে পেলবামুর আকে	33
গোলবাস্থর বিবহ	\$8
গোলবাতুর ধতি দংচরীর উক্তি	€ 6
সংচরীর াভি গোলবাত্বর উক্তি	<b>'</b>
श्रीलवास कर्डुक जार्शन त्यीवत्नव अवकः	
रश्यं .	À
গোলবাসুর প্রতি সহচরীর উক্তি	25
বহচরীর <b>এতি গোলবা</b> নুর উক্তি	
হোরমুজের বহিত বহুচনীর প্রশ্নোত্তর প্রবন্ধ	8 ^
হোরশ্যের এতি সহচ্চীর উক্তি	
শহারীব প্রতি হোরমুজেন উক্তি	8)
সহচ্চীর শহিত গোরমুকের গোলবাসুর নিকটে	
श्चल	43
হোরমুক্তের দণিত জেলবালুর গান্ধর্ম বিবাহ	93
भागराञ्चर अञ्चल विनाद्दर है क्यांन	<b>6</b> kg
লোলবাসুৰ নিকটে মহিষীর ঘটঞী গ্রেরণ	6.4
খটিতিনীর বাকা জবাণ বাংল্লার বংগের	
ব্যাপুনীল প্রতিব্যালয় প্রের উল্লি	A STREET
वर्रा के छ प्रकेशियों मांबुक शासवासूदक अस्वाप	
o e y a *	08
Centralig र दिराइ अनम् कि अयुक्त शुक्र कि पि-	
প্রতির ইরান্ডিপ্তির প্রতি প্রত্রেরণ	6 5
পুত্র প্রির কলাদানে অসম্ভিতে ইয়েল	
প্রিস শ্র স্থ্র	ez.
জুলান পতিত পুজান নগরে গম <b>ন</b>	Ì
श्राम । । श्राम । । । । । । । । । । । । । । । । । । ।	63
स्वस्त्रातस्यार पुरा	4,

শ্চ পিত্ৰী	Et mes
হোরমুভেগ রূপে পমন	9)
দ্বিতীর দিবসের যুদ্ধ	73
সৃতীয় দিবসের যুদ্ধ	39
্চত্ত্র দিবসের যুদ্ধ	£5
:शरमुरखत तप-यो <b>वा</b> त्र श्रीव्यासूत विका	4:
গোলবায়ুর ভবনে হোরমুক্তের আগমন	*
গোলবামুর প্রতি হোরমুঙ্গের উক্তি	98
হোরমুজ কর্তৃক গোলবামুর মান ভঙ্গ	Ž.
্গোলবান্তর মান ভক্ত ও হোরমুজের বহি	3
কথোপক্ষন	4.
গোলবার ও হোরমুজের বিহার	4.5
্ৰমাধি-প্তিব্ পত্ৰ পাইয়া খুজানাধিপাঁত ে 🤏	7,
প্রেরণের উদেরাগ	4 >
ংহারমুজের গোলবাহুর নিকটে বিবায় প্রার্থন	1 60
লোরমূজের রুম্দেশে গমন	1-7
হাৰমুদ্ধেৰ সহিত কমাণি গতিৰ পৱাহাত্ত	<u> </u>
ও. <b>নজ্</b>	₽ 8
্যজনী বৰ্ন ও ৰুমে গোমুখের পোলবার	₹ .
<b>पर्न</b>	6.4
সের্ফ্রের বিলাপ .	<b>b b</b>
ইরান নগরে গোলবালে স্থীর প্রতি উজি	रंद्र
হোকুমজেব কিবহে গোলবানুর অবভ। বর্ণন	76
নধীর দহিত গোলবাসুর প্রশ্নোপর প্রবন্ধ	84
গোলবাছুর বিরহ	20
ক্ল মদেশে হোরমুজেব রাজাভিয়েক	. 29
হোনয়ক্ষের গোলবস্থির পত্র পঠি	3.5

١
180

গোলবাসুর পত্রপাঠে হোরমুলের আক্লেপ	300
হোরমুজের মুগয়ার্থ বন-গমন ও গোলবা	মুর
বিরুহে ভাগকেপ	500
উল্লান হইতে দৈত্য কৰুক হোরমুজকে হরণ	306
হোরমুজের নিকট তীন-দেশের ছই চিত্রকরে	13
পরিচয় প্রদান	103
হোরমুজের গোলবামুর চুর্দশা অবণে আকে	51 152
চিত্রপট দর্শনে হোরমুজের থেদ	334
रेतान नगरत शालवासूत श्रम	353
ट्यांचर च विवश	>>9
গোলবাসুর খেদ	5.5
मानदम दश्यमुद्धक मश्चि शालवाञ्चल विश	
গোলবাসুর বিলাপ	330
হোরমুজের বিরহ	350
श्रीतब्दान्य विव्रष्ट विकास	25%
গোলবামুর অবস্থা বর্ণন	:00
देशस्याञ्च अप शासका श्रृकी मङ् हात्रमुख्यतः देशकार्यः	,00
क्रिक्षितसम	SOR
रात्रस्थात प्रकार हेन्छ। क्रमात्रीत <b>उ</b> खत श्रद्धाः	
र्राप्त्रकुरकार गारक रनका प्रमान्नाम करान व्यक्त <b>खत ७ नि</b> माजित वय	
_	308
হোরমুজের কুমারীর গান্ধর্ম বিবাহ	్పల≽ <sub></sub> ~
কুমারীর বহিত হোরমুজের বিহারোজোগ	
উভরের উত্তর প্রত্যুত্তর	\$80
দুশারীর সহিত হোর মুজের বিহার	>\$2
· · · · · · · · · · · · · · · · · · ·	3.83 :
ৰসুত্তে ইরান নগরে স্থীর স্হিত গোল্যালু	<b>T</b>

• উত্তর প্রস্থান্তর	788
বস্তে গোলবীমুর বিরহে হোরমুব্দের বিলাপ	1 789
হোরমুন্দের সহিত কুমারীর উত্তর প্রত্যুত্তর	183
ক্ষৈত্যের ভবনে হোরমুজের সহিত্যস্ত্রীর মিল	म : • •
গোলবামুর প্রতি ইরান পতির সাধ্য সাধনা	24
ইরান ভূপতির বহিত গোলবামুর উত্তর প্রভ	<b>J-</b>
ন্ত্র	202
গোলবামুর বাক্যে ইরান পতির মনোছঃধ্	268
ইবান পতি কর্ত্ত গোলবালুর নিকটে তৃতী	
<b>८</b> अत्र न	>64
গোনৰায়ুর দুহীর সহিত উত্তর প্রত্যুত্তর	:05
দুতীর মুখে গোলবাসুর অসমতি অবণে ইরা	ন
পত্রি আক্ষেপ	69:
ংগ্রিবৃক্তের বণ-বেশে ভৈত্তার ভবন <b>হটতে</b>	
हैतान नगरत आश्रमन	747
ইরান ভূপতির প্রতি হোরমুক্তের পত্র প্রেরণ	180
হোরন্ত্রের পর প্রাপ্তিমার ইরানপতির রং	1
<b>गव्ह</b>	7.23
छेटम मदलत दुष्कातांच	>94
ইরান জ্পতির মৃত্যু অবণে মহিধীর বিলাশ	>>1
মহিবীর পতিশোকে তমু ত্যাগ	4
গোলবামূর সক্ষ	:90
नथी कर्जुक रामक नक्का । शानवाञ्च	
<b>E</b> 2491	24.2
গোলবাড় ও হোরমুন্সের পরস্পার মিলন	193
EZSTA '	

क्रमरण्य रहारयुक् विवर्धीयद्विषीव जायक्र	THE
क्षांतर्क विदेश फिल्रसमिनीत विलाश	
ু ১৮১ <b>নাং</b>	285
হোরমুজের বিরহে দৈত্য-কুমারীর প্রাণত্যাপ	810
োরমুন্দের নিক্ট গোলভাত্নর মনোছঃধ	
প্রকাশ	1
পোলবাত্নর নিকটে হোরমুজের মনোত্রংব	
প্রকাশ	446
<b>८५%:बृहदात क्रय-टक्टम अगः मोटक्सेश</b>	142
रशहसूरमह रेपठा उत्तरम धावन	: 20
মন্ত্রি কর্ত্তক দৈত্য-কুমারীর বিবরণ বর্ণন	· 4:
কিয়তমার গৃহা অবংগ ছোরমুজের বিলাপ	120
c≱बर्गी विद्धार्टश स्थातमुरकत मरनाधः <b>४</b>	86;
পতি-প্রতি গোলবাসুর এবেবি এপান	126
গোলবামুর নিকটে হোরমুজের পুর্ব রুজান্ত	
বৰ্ণন	:22
भागवाच् कर्ज्क स्रात्रव्यत्र अधि अरवाद	
<b>क्षमा</b> न	105
दाउँम् स्वतं मुराम नमन	5+>
यूगीलक ममाधा	
•	

# শুকিপতা!

শশুদ্ধ পৃষ্ঠা পৃষ্ঠি শদ্ধ পদেতে আমার ৭০ : পদে দিনকর হোরমুজের প্রতি ১৪৯ : ৭ কুমারীর প্রতি কুমারীর উক্তি (হারমুজের উক্তি

# সূচীপত্র।

ফ <b>ঞ্লা</b> চরণ	5
গ্ৰন্থ ব্যুদ্ধ	3
ভূপতির পুত্রবর প্রাপ্তি	3
नभी कर्जू क भूग्ण ছला ताब्बी क अरवाध अमान	<b>b</b> -
শ্রেষ্ঠ পত্নীর উপগতি সম্বোগ	>0
হোরমুজের জন্ম রুত্তান্ত	>8
<b>ष्ठिष्ठान</b> दर्गन	16
श्वीतम्द्रकत क्रम मर्गटन शालवाञ्चत मृक्ष् । अ	
স্থীদিগের নিকট ভাব প্রকাশ	3.5
(भाभवाञ्चत (यम)	35
ংব্রমুজের প্রভি সধীর উজি	रेक
<b>স্থী</b> র প্রতি হোরমুঞ্জের উক্তি	Ò
সহচরী হোরমুজের নিকট হইতে আসিয়া গো-	
লবান্বকে কহিতেছে	36
महहतीत ®ि शानवानूत <b>উ</b> क्ति '	B
গোলবাম্বর প্রতি সহচ্টোর উল্লি	A.
গোলবারর স্থচরীর প্রতি পুনরুতি ও হোর-	
মুজের সহিত শুভ দর্শন	<b>ર</b> ৮
গোলবাত্রর অদর্শনে হোরমুজের খেদ	370
হোরমুজের বিরহ	00
গোলবারর সুথে নাগরের সহিত বিহার	હેર્.
4	

<u>,</u>	
হোরমুজের অদর্শনে গোলবাসুর আক্ষেপ	20
গোলবামুর বিরহ	೨೪
পোলবানুর প্রতি সহচরীর উক্তি	: 8
সহচরীর প্রতি গোলবাম্বর উক্তি	\$5
গোলবামু কুৰ্ত্তক আপন ফৌৰনের অবস্থ	[]
বৰ্ণন	13
গোলবামুর এতি সহচরীর উক্তি	26
সহচরীর প্রতি গোলবামূদ প্রক্রি	A
होत्रमूट्यत गरिक गर्भनी । अत्यात्रम १०%	8 4
হোরমুজের প্রতি সহচ্টীর উক্তি	À
নহচরীর প্রতি হোরমুজের উর্ত্তি	85
সহ্দরীর সহিত হোরমুজের গোলবাঞ্র নিকট	3
গ্ৰন	8 3
ट्यांतस्यात्रतं मध्ड ध्यानदास्य पाक्स रिनार	88
शानवासूत अकाम विवादरः उत्साप	81
গোলবামুর নিকটে মহিষীর ঘটকী প্রেরণ	90
ঘটকিনীর বাক্য শ্রবণে গোলবান্তুর দেখ	67
ঘটকিনীর প্রতি গোণবাপুর উত্তি	65
महिबी, अ घठेकिमी दर्ज् ह लानवान्तरक दरवा	R.
প্রদান	48
গোলবানুর বিবাহে অসমতি প্রযুক্ত পুজানিধি	**
প্তির ইরামাধিপতির এতি প্র প্রেরণ	2 3
भुद्धान-পতित कनागिटन अनग्रिक्ट हैतान	
প্তির রণ সক্ষ্	45
ইবান পতির পুজান নগতে গমর্ম	À
अभूगं नियम्ब गुक्त	34

'ৰ্চাপত্ৰ (	£, a.
- white and the state of the st	
ংহিমুভের রণে গমন	
<b>ि च्छोत्र</b> भिवरमत युक्तः	23
ভূঁতীয় দিবসের যুদ্ধ	23.4
চতুর্থ দিবসের যুদ্ধ	27
জৌ <sup>্</sup> ধতক্ষর রণ-থাত্রায় গোলবান্তুর চিন্তা	42
োলবাত্তর ভবনে হোরমুজের আগমন	4)
গোলবাতুর প্রতি হোরমুজের উক্তি	46
হোরমুজ কর্তৃক গোলকামুর মান ভঙ্গ	<b>A</b>
গোলবামুর মান ভঙ্গ ও হোর <b>মুজের স</b> হিত	5
কথোপ <b>কথ</b> ন	.45
গোলবাত্ব ও হোরমুজের বিহার	44
রুমাধি-পতির পর পাইয়া খুজানাধিপতির কর	
প্রেরণের উদ্বোগ	96
হোরমুজের গোলবাত্বর নিকটে বিদার প্রার্থনা	<b>*</b> *
হোবম্জের রুগদেশে গমন	<b>运</b> 剂
গোরমুজের বহিত কমাবি-গাতির প্রয়োরর	ſ
গ্ৰবন্ধ	<b>13</b>
तकनी वर्गन ও मृत्य शांत्रमूरणत भांत्रवासू	1
मर्का	13
হোরমুন্জের বিলাপ	b b
ইয়ান নগরে গোলবাপুর স্থীর প্রতি উক্তি 🔻	65
ংগ্রমুজের বিবহেং গোলবাত্র অবস্থা বর্ণন	20
পধীর দহিত গোলবাসুর প্রশ্নোত্তর প্রবন্ধ	84
भागवासूत वितर	A. Q.
রুম্বদেশে হোরমুজের রাজাভিষেক	सर्व
(रावस्टब्स् शालवाञ्च भव भाठे ,	3.5

## সূচীপত্ৰ।

গৌলবামুর পত্রপাঠে হোরমুজের আক্ষেপ	>63
হারমুজের মূলধার্থ বন-গমন ও গোলবার	র :
विवरह काएकश	500
উঞ্জান হটকে দৈতা কর্ত্তৃক হোরমূজকে হরণ	30%
· रहात्रभुष्य विक्रि विन-दम्मात हुई विक्रकरत	ব
श्रीवहत्र अमृत	406
হোরমুকের গোলবামুর ছর্দ্দশা অবংশ আক্ষে	1552
তিরপট দর্শনে হোরমুজের খেদ	350
ইরান নগ <b>ে গোলবামুর থে</b> ছ	333
रगानवाञ्च वित्रश	554
গোলবামুর খেদ	350.
मानत्त रहात्रमुख्यत गरिष्ठ शालवासूत्र विहात	1385
গোলবাহুর বিলাপ	320
হোরমুজের বিরহ	120
भौगवाञ्च विवर विकात	455
গোলবামূর অবহা বর্ণন	1000
দৈতোর এক পালিতা পুঞী সহ হোরমুক্তের	
কখোপকখন	३७१.
रशतब्राबत महिल देवला क्यातीत छेखत अजू-	
ন্তর ও নিশাচর বধ	:04
হোরমুজের কুমারীর গান্ধর্ম বিবাহ	:63:
কুমারীর সহিত হোবমুজের বিহারোদ্যোগ ব	3
উভয়ের উত্তর প্রভাকর	580.
कूमातीत गरिक श्राटकत विश्व	585.
बम्ख वर्गन	1881
ৰসতে ইয়ান নগরে স্থীর সহিত গোলয়াত্র	1.

## (भानश्रुत्रमुक ।

#### मक्रमाध्य १

कत्र कत्र रक्षनाथ कर्गण्कीयन।
क्रम कत्र क्रिशायिक क्रियायात थन ।
क्रम कत्र कर्क्यूत्नत्र मथा नात्रात्रण।
क्रम कत्र द्विभिनीत्र क्रियायात।
क्रम कत्र विभिनित्रशांति श्वणायात।
क्रम कत्र विभिनित्रशांति श्वणायात।
क्रम कत्र विश्वणाति व्यव्यागानक्रम।
क्रम कत्र द्विभिक्ताति व्यव्यागानक्रम।
क्रम कत्र द्विभिक्ताति व्यव्यागानक्रम।
क्रम कत्र द्विभिक्ताति व्यव्यागानक्रम।
क्रम कत्र क्रमिक्ति श्वणात्र कात्रम।
क्रम कत्र कर्माक्र स्थानविभावि।
क्रम कत्र क्रमिक्ति श्वणात्र विश्वण्य ।

### . अष्ट स्टाना

ক্রম নগরের শোভা অতি চমৎকার। অভিমানে স্বৰ্গ মনে মানে পরিছার।। ताक शूर्ति हम कात स्हातः शहन नानाविध स्थिभाषिदकाटण वित्रक्रन । বারদারী পুরিধানি রতনে মণ্ডির বুঝি বিধাতার নিজ হল্ডের রচিত 🕏 বিপাই দাঁড়ায়ে স্বারে কাতারে কাতার। জলাদ রয়েছে হাতে খোলা ভলয়ার। রাজপুরি পুরোভাগে রত্মসিংহাসন। কছুপরি আহে বসি কৌছর রাজন। স্থা বর্গ চারি পাশে চামর তুলায়। নকিব ফুকারে আর জেলাদ স্থানার। পণ্ডিত মণ্ডিত সভামধ্যে দণ্ডধর। वाह निद्र विश्वाटक यन शूत्रकृत । সভার কি কঁব শোভা তুলন ব্লা হয়। यनि तम महत्य मूथ मत भूत्थ करा। } ् उथापि वर्गन जात रह कि ना रहा। পরম ধান্মিক ধীর প্রভুপরায়ণ। ्र नर्वामा करतन किन्छ। नेपात ठत्र ।

ত্রই নারী কুপতির নাহিক নক্ষন। সর্বাদা বিরস মন পুজের কারণ। কনিষ্ঠা রমণী তাঁর অতি ৰূপবতী। ৰূপ হেরি লাজে মরে রভি রভিপতি। স্থবর্ণ বরণ জিনি স্থলাবণা তার। তারাপতি লাজে মরে কি কহিব আরু 🛭 পুত্র আশে সর্বাদা ঈশ্বর পূজা করে। পূজ। সমর্পিয়ে স্তব করে যোড় করে। জ**য় জয় জগদী**শ জগতঅংধার। জগজন প্রাণ ধন সকলের সার ॥ জয় জয় **জগমাথ জগত জীবন।** শিক্টের পালনকর্ত্তা ছুফের দমন K জয় জয় জগত্ত্স ভি জগৰায়। ভোমা হতে জগতের সৃ**টিস্থিতি ল**গ্ন॥ ভোষার অসাধ্য কিবা **ভূমি জ**গত্পতি। কি জানি মহিমা তব আমি মুঢ়মতি 🕴

ভূপতির পুত্রবর প্রাপ্তি।

এক দিন সভার বনিয়ে নরপতি।

মঞ্জিবর প্রতি কন বিধাদিত মতি।

শুন শুন মন্ত্রিবর বচন আমার ! তন্য় রতন বিনে বৃথা এ সংসার । এইখ সম্পত্তি সার তন্য রতন। নে ধন জভাব হলে রুথায় জীবন 🛊 শান্ত্রের বচন আমি করেছি অবণ। পুत्राम मद्राक यात्र भूखशैन कन ॥ কি ছার মিছার এই অসার সংসার। তনয় রতন বিনে সব অন্ধকার ৷ শুনিয়ে ভূপের বাণী কহে মন্ত্রিবর। রুখায় কাতর কেন হও দণ্ডধর গ এদেশের অন্তঃপাতি আছে এক বন। তথায় তপ্সা৷ করে এক মহাজন ৷ যদি কুপাকণা তিনি করে বিভরণ। ত। इट्टल इटद मटनावाथा निवात् । अभि क्षेत्रारमञ्जू वाणी इतिय ताक्रम। **মন্ত্রিসহ ভাঁর কাছে করিল গমন 🛚** কাতরে ঋষির পদ করিয়ে ধারণ। মনোগত ভাব ভূপ করে নিবেদন । শুনিয়ে তাপদ কন শুন হে রাজন। এক মন্ত্র ভোমাকে করিব সমর্পণ 🛊 📜 শুচি হয়ে নিশাবোরের বসিরে আসলে। নিবিস্থৈ সে মৃত্র জপ কর এক সনে 🛭

**এक মনে भिर्दे मञ्ज कतिल ना**ध्यः. उका विक भटक्षत मिरव मत्रामन । ভক্তি ভাবে তাঁহাদের করিলে সাধ্ন। অনায়:দে পূর্ণ হবে তোমার মনন। (महे करन ताजतानी इरव शुळवजी। 'হরসুজ বলি নাম রেখ নরপতি। এত বলি ঋষিবর ভূপে মন্ত্র দিল। পরম হরিষে নূপ আবাদে চলিল 1 শুচি হয়ে নরপতি যামিনী যোগেলে! নেই মন্ত্র জপ করে বসি বিরলেভে 🖠 বিরিঞ্চি কেশব আর দেব ত্রিলোচন। মন্ত্রের প্রভাবে অংগি উপনীত হন। নির্পি অমবগণে ক্মের ঈশ্বর। কৰ্যোতে স্তব করিলেন বছতর 🛙 🕬 েত হইরে তুই ত্রিদেব তথন। শুগুবর দিয়ে ভূপে করিলা গমন। কত দিনে ভূপতির কানষ্ঠা যুবতী। শবর কুপায় হইলেন গর্ভবতী। ছুই তিন মাস গত যথন হুইল। करम करम राज शर्ज भक्र का मानिल। ভূপতির প্রিয়তমা প্রধানা রমণী। क्षित्रीत निरताम्बि खबीगा स्म धनी।

গর্ভবর্তা স্বপত্নী শুনিয়ে সমাচার। জনিল অত্যন্ত দেব অস্তবে তাহার। जाकि निष्य श्रुट्ठती वित्रभ वमरन : পরামর্শ করে দোঁহে বদিয়ে গোপনে কি করি উপায় বল ও প্রাণস্ক্রনি। গভবতী ভুপতির কনিষ্ঠা রমণী। গভ নট কর ভার করিয়ে উপায়। বছধন দানে আমি ভূধিব ভোলায়। अमि वांगी विनद्धं कांग्रल मंग्रहती। অসাধ্য সাধিতে পারি শুন লে। স্কুন্দরি ॥ अरं (कान कान कम, तनिहस का जाहर । बारे कि बुनाव कश करिन काराहत । ওলো ধনি যদি পাতি ভূমিতলে ফাঁদ। ে নি এবিত্ত পারি গগনের চাঁল। গতএন বিদেশদিনি থাক ধৈৰ্য্য ধৃতি। ' নাছিব ে। নাৰ কৰ্ম প্রাণপণ করি ॥ a क विन महह दि महामा वन्द्र । ेशबीं छ इंडेर्सन क्रिकी महरन ॥ স্বপদ্ধীর শহচরী হের রসবর্তী। नृष्ठ नृष्ठ वादका करह नमामदत व्यक्ति । এস এস সহচরি আজি সুপ্রভাত। (बर्ट्युक क्षत्र मरक रहेश माक्षा है।

তুই তিন মান হইয়াছি গর্ডবর্তী। মম প্রতি কটাক্ষে না চান নরপতি ৷ কি করি গো প্রিয় স্থি বুল না উপায়। হেন কেহ নাহি যে আমার মুখ চার। यशक्री य काला दानी आरहन आमातः ভুলে জাখি মেলি নাহি চাহে একবার গ ওগো প্রিয় সহচরি ভরসা তোমার। তোমা বিনা অধিনীর কেবা আছে আর তুমি মাত। তুমি পিত। ভ্রাতাদি সজন। এত বলি ধনী ভার ধরুরে চর্প।। নির্থি **বালার** ভাব ভাবে স্থী মনে। এজনের অপকার করিব কেমনে 🎚 এৰূপ স্থশীলা নারী কভু না নেহারি। এত ভাবি সঞ্জিনীয় চক্ষে কাই বারি 🕯 मिथ धनी पृष्ठचादत किञ्चादन ভाहादत । কেন সৰি কাঁদিতেছ কহ না আমারে 1 अनिएस मिक्सी करक क्षत्रक्षमा कति। मरनाष्ट्राध्य कामिट्डिह अन ता सुननित ॥ थनी क्य ठाउँ हाए कर्त्र ने हलन । পায়ে ধরি ও সজনি স্বৰূপ বল না। श्री न्या न्यान्य द्वार कहिन। ज्दा जीज **इत्त्र भनी** मुक्त् जा रहेल ॥

्रेटें ठे ज्या शहरा धनी करतन त्रामन। वटन का दुका कत मात्रीत जीवन । নিরখি বালার ভাব কহে সহচরী। कि छात्रा द्वारम कर दल ना स्माति ह আমি বৃদ্ধি করিব গো তব অপকার। ভবে তব কাছে কেন করিব প্রচার। জান না কি বিনোদিনি জগত্নিধান। কৌশলে করেন রক্ষা ভক্তের পরাণ। राज श्लाह्य ईश धनी ভারত পুরাণে। উত্তরার গর্ভে গুরুপু**জ**ুবাণ হানে। আছিলেন নারায়ণ পাত্তব সহায়। কৌশলেতে রক্ষা করিলেন উত্তরায়। অতএব শুন এক গণ্প পুরাতন। श्रीनित्व योगमा यूक इत्य छव यम ।

> সধী কর্তৃক গম্পছলে রাজ্জিকে প্রবোধ প্রদান।

আরব নগর ধাম, আছিল এমানি নাম, এক জুন রিজ্ঞবর সাধু। তার তুল্য সাধু আর, তিভুবনে মেলা ভার, তিনি সর্বায়েতে অতি সাধু। ছিল এক প্রিয়া তাঁর, ৰূপ অতি চমংকার, হেরি শোভা স্থধাংশু লক্ষিত। তাই অতি ত্বরা করি, উঠিল গগনোপরি, চির দিন হয়ে কলঙ্কিত। र्हात क रन अठनू, उाकि फूलमग्न धनू, मत्नाकुःद्धं छारकदङ् कीवन । वषन मद्रभीपल, निवृधि मद्रभीपल, (थरम मात करतरह कौवन। জিনি কুরঙ্গ খঞ্জন, নয়ন অতি রঞ্জন. বিরাঞ্জিত তাহে পঞ্চবাণ ! क्टोटक त्रहादत्र यात्र, अमनि मादत्र अभि, অমিননে রাখা ভার প্রাণ । পীনোম্বত পরোধর, অতিশয় মনোহর, বক্ষোপরি কিব। শোভা পার। তছুপরি দোলে হার, মরি কিবা শোভা তারু, বুকি মার রতি সহ তায়। स्वर्गवत्रा वाला, नाहि बारन कान जाना, शकि ध्यटम मध्र मना बाटक !! ততধিক ভার পতি, তারে ভালুবানে অভি, চকু আছে কভু নাহিন্দাথে 🛚 🗀 श्रिया वित्न मान जात, किছू नाहि वार्ष जात. এইকপে ফিছুকাল, সদাগর কাটে কাল, পরে শুন আন্দর্য্য কথন।

## **শ্রেভি**পত্নীর উপপতি সম্ভোগ।

धक मिनन्यूनमनी मधीशण माम । বাসীর প্রাসাদোপরি আ**ছিলেন** রক্তে ॥ সরস বসন্ত কাল কিবা মধুমান i মক মক সুগন্ধ মলয়। সুপ্রকাশ । मथीशन गटक तटक नायुत तमनी। ताक्रमथ नितीक्री करत मुत्रानी। देनदव ७क यूवताल तालभद्ध साम् । বিনোদিনী দরশন করিল তাহায়। भद्रभव एउन्हें रहेन मिनन। উভয়েতে কাম ভাবে করে নিরীক্ষণ।। मन्न कितास चरत याउना इन जात । বুঝ লোক কান্দের কেমন ব্যবহার।। . (इन कार्त चलाहरण हरण मिनक्ता ममूर्पिए निमाकत क्षमादिए कर्ना রক্রী যোগেতে আর না হর্দর্শন।

अन्त रहेरा प्रतर वितर जाधनः দহিতে লাগিল বল করিরে দিগুণ।। সে আগুন নিবাইতে কাহার শক্তি: বিনে সেই যুবরাজ আর সে যুবতী॥ যুবরাজে না হেরিয়ে সাধুর বনিতা। ঢলিয়ে পড়িল ধরা হইয়ে মৃচ্ছিত।।। দেখি সখীগণে তারে তুলি লয়ে কোলে। स्मीउन जन (मग्र तमन कमता ॥ मृष्ट्। जाक वित्नामिनी व्यामारत नत्र বলে সই কোখা গেল প্রাণের রতন : সে জন বিহনে প্রাণ কেমনেতে ধরি। বল দেখি প্রিয় সখি উপায় কি করি॥ বহুবা এ পাপ প্রাণ রাখা নাহি যায়।। मिथिए वालाव जाव करह महहती। चित्र २७ मदन देश्यो धत्र ला छुन्नति ॥ গৃহে আছে প্রিন্নপতি রসিকের শেষ। তবে কেন কর উপপতির উদ্দেশ।। সে তোমারে ভালবাদে প্রাণের সমানে। তুমি তারে জানবারে চাহ কোন্ প্রাণে।। বিশেষত পতি তাজি পরে যার মন।

্চিব**কাল** তার হয় নরকে নিবাস। অতএৰ করনাত উপপতি আৰা। किन निक्रमीय दानी करहम नामनी। विरुप्ताह कारमत वान दक्रमान । मन वि ६. प अशा महहति भति छव १०% भ का भटत जिला**हेर**ह एमर १९ ५०० अति व सामारम मधि शहान सामान পরাণ তাজিব স্বামি উদ্দেশে । । । র ।। पृत्रि मञ्ज्ती निक ठाकुतारी २०। राजिक राज्य व्यवस्थित स्वर्गीत त्याके स्वयं र 四町(CRI)の 質を食いた 強い本 町であっすり ভাবিতৈছিলেন ৰূপ সাগু ললনার।। হেনকালে স্থী আদি বিশেষ প্রকাশে 機爾阿米利鄉 有工作者 衛門者 医神经炎 रं १ - १ १६ मृत्। स्टाद्य अमन्। तकता के अपन ताह के भूत वनन ॥ ककाक्षर । १ भने भांडत अपरा সাবে বিশারীত কাজ উপপতি লয়ে। প্রাণাধিক যেই ভারে করিত যতম। লমে চুকী। তার প্রতি না চাহে এখন। ধন্য ধন্য রতিপতি কি তব সন্থান।

এসনি প্রণয় ভোরে বন্ধ গ্রহ বন পলকে প্রলয় হয় হলে গদর্শন ৷ अहे करन मानुकास हैगरी छिन मव (१९८७ मुक्ति अर्थ वर्ष अर्थ कर् জোপনে তুলৰে কন্তে কৰ্ম সম্প্ৰি কোন মতে শ্রেমী ভার না গাল সকলে। अक लिए कार्स हुई एक्टर्सन अहि এক নিমেদেশ লন শুন ব্ৰবতি ছ শেষ্ সূত্ হুটর গৈছ প্রতির ১০০ চল भनाभात काजिरम इहेरव ति । . . . . চোৱের মূতন আৰু রু। কত দুলি। रकरों उत्तर अन्न वंदन पत्रि प्राच्यांना त क्षि मुख्याच न, में इस्ती न अर्था ( অসি লয়ে ধায় জন্ত কংটিতে রমধ্যে। বিধির নির্কল্য কেবা করিনে খাওন পথেতে यणि द्वारों मातीत मत्रा । প্রবেশ করিতে গ্রহে তথা এক ফগা দংশন করিল বেগে ভাছারে অমনি॥ বিষম মর্পের বিষে হয়ে জ্বাল।তন। অসি ফেলি ভূমিতলে করিল শয়ন 🛚 उत्कृत्यानशासी जाँचि इल जिला পড়িয়ে রহিল শুদ্ধ অনিতা 🕬 🖰

তাই বলি বিলোদিনি থাক ধৈর্য্য ধরি। নির্দ্ধোধ জনেরে রক্ষা করেন শ্রীহরি।

#### হরমুজের জনা রুত্তার।

± ক্ষপে রাণীরে প্রবোধিল সহচরী। उथा थि मा बरत रेश्या शत ए। खुन्मता ॥ দদ্ধলা ক্রেনা ভার করি কি উপায়। अहे कटल किছ किन १७ १८म गारा ॥ करम शूर्व मन मात्र व्हेल प्रथम। १ ४ े हा ७ २ अस्त । यहाँ की कसत ॥ কি কৰ ৰূপেই কথা ন: দেখি তেমন। বুকি পুনর্কার আসি জনিল মদন॥ বল দেখি প্রিয় স্থি উপায় কি করি।। কেমনে নাননে আমি করিব পালন। দারুণ সতিনী দিয়।ছেন নিরঞ্জন।। এর অন্তপায় এক শুন সহচরি। নন্দ্রন লইয়ে যাও দেশ পরিহরি।। অন্য কোন দেশেতে পালন কর গিয়ে। ভবেত হইবে রক্ষা দেখিয়ু ভাবিয়ে ।

বয়স হ**ইলে প্রাপ্ত আনিবে** .হথায়। भीच बाउ मिक्रमी विवय मा बुदात । व्याहि यहपू मणारमहत् कहिर्द भाषा । वक धन जारमण्ड जुविव उद मन । এত বলি ধনী এক অঙ্গুরী মানিয়ে : পুত্র মহ মঙ্গিনীরে দিল সমর্পিরে : इरछत अञ्दा अहे निजाय निगान। হেরি ভূপ তিনিবেন আপন সন্তান : শুন শুন সহস্তারি গ্রন্থ বচনে : হরমুজ বলি নাম রাপিও যতংক। মহিষা নিকটে এক প্রস্তর আছিল। मकिमोत करत फिला कहिए लागिल । যখন কাঁদিৰে শিশ্ব ছুপ্কের করেণে ! ध अञ्ज निउनित मिश्र यमान ।। এত বলি বিদায় করিয়ে সহচরী। পাষাণেতে হৃদয় বাঁধিল সে স্থন্রী 🗓 সহচরী কোলে লয়ে যায় শিশুবরে। কত দিনে উত্তরিল থুজান নগরে !। একাকিনী সহচরী ভ্রমিতে ভ্রমিতে। সন্মুখে আবাস এক পাইল দেখিতে।। আতপে তাপিত অতি হয়ে সহচরী।

প্রবেশিয়ে পুরি মাঝে ক্লান্ত হয়ে অভি। মৃচ্চি তা হইয়ে ভূমে পড়িল যুবতী ॥ খুজানের ভূপতির মালীর ভবন। তথায় রহিল ধনী হয়ে অচেতন!! বাহিরে আসিয়ে মালী করে নিবীকণ। পুত্র কোলে এক নারী করিয়ে শয়ন !! স্থশীতল জল মুখে করিতে অর্পণ। মৃচ্ছ। ভাজি সহচরী মেলিল নয়ন। সচেতন রুমণীরে করি নির্হাক্ষণ। বিস্ময় হ্ইয়ে মালী জিজ্ঞানে কারণ। কে ভুমি আইলে হেগাকালার ললনা। ক্রোড়েরে করে।র শিশু অরূপ বল ন। । শুনিয়ে তাহার বাণী রমণী তথন। প্রস্থাপর মালীরে জানায় বিবর্ণ & শুনেছ কৌছর নামে রুম অধিপতি। ভাঁছার তনয় এই শুন মহামতি ॥ দিলাম ভোমারে আমি এ পুত্র রতন। ষতনে ইচারে তুমি করহ পালন। কিন্তু স্থিরচিত্তে শুন বচন আমার। হরমুজ বলি নাম রাখিবে ইহার॥ थहे लब् क़रमत পতित निपर्भन। এত বলি অঞ্চ বী ক্রমিল সমর্পণ 🛊

कुमात मृशं शूर्छ (शरा इत्रिकः অতি যত্নে মালী, তারে লাগিল পালিতে স কিছু দিন তথায় খাকিয়ে সহচরী। দেহ পরিহরি গেল অমর নগরী॥ মালীর ভবনে শিশু ক্রমে বৃদ্ধি পার। গগণেতে শুক্লপক স্থবংশুর প্রায় । এই ৰূপে বাল্য কাল ক্ৰমে গত ২য়: क्रांच क्रांच क्रमाहतत खोदन छेपत । कुमाव वश्रम आश्र कद्रि नितीकः ।। বিদ্যা হৈত্ পাঠশালে করিল প্রেরণ ।। পুরুলবাতির সুভ স্থাগণ **সনে**। भिष्ठे विमानित्य थन भार्द्धित कात्रत्।।। পরস্পর শুভাদুফে হইল মিলন। अक सात्न स्मेत्र भागे भए समूकन ॥ সর্বর শাত্রে বিশারদ হইয়ে তুজনে। . পরে ধন্ম বিদ্যা শিক্ষা করেন যভনে।। হরমূজ সহ রাজপুজের পিরীত। হেরি তার স্থাপণ হইল ছুঃখিত।। সকলেতে একতেতে করি আগমন। **जुर्गा**जित निक**ंडे** कतिन निरंत्रमं ॥ মহারাজ তব পুত্র মালিস্ত সহ!

আমাদের ত্যাগ করি তোমার তনয়।
মালীরতনয় সহ করেছে প্রশাস ।
শুনিয়ে ভূপতি অতি হয়ে ক্রেন্ড মন।
বীয় নকনেরে ডাকে করিল বারণ॥
এসর সংবাদ ধীর শুনিয়ে শ্রবণে।
প্রবেশিল নব ছাথ হর্মুজের মনে ।
মনোছাথে ভণাধার তালি নিক মান।
ভূপের উদ্যানে গিয়ে করিলেন বাস ॥
রাজবাটা অন্তঃপাতি উদ্যান সুকর।
সে উদ্যানে নিকেব রাল শুণাল

#### উদ্যান वर्गन।

কি ক্ষ উদ্ধেষ্ট । শাসু, অতিশয় মনোলোভ।,

কত ফুল বিকশিং সুশোভিত সুবাসিত,
হেরিলে যুড়ায় প্রাণ মন ।
তরপরি শুক শারী, বসি সব সারি সারি,
মধুস্থরে করে নানা গান।
হেন মনে অনুসানি, বুঝি সে উদ্যান ধানি,
মনোজের বিরামের স্থান।

গুকোপরি পিককুল, হয়ে প্রেমরসাকুল, নানা রাগে নানা গান করে। जगत जगतानन, मधु कति प्यत्यवन, ভ্রমিয়ে বেড়ার গুঞ্জ সরে 🖟 মধ্য স্তলে সরোবর, শোভা অতি মনোহর, নীর তাহে করে তল তল। বধুঁর উদয় হেরি, তাহে উদ্ধ মুখ করি. বহিয়াছে কত শতদল। मधुरलार्ड मधुकत, वनिरत्न कमरले १४३, পিয়ে মধু আনন্দিত মনে। মরি কিবা শোভা তার, যেন ব্রজেন্দুকুমার, বিরাজিত ব্রজে রাধা দনে ॥ मात्रम मात्रमीशंगं, रुहेर्स मत्रम मन, আনন্দেতে খেলিয়ে বেড়ায়। তার পাম্বে পুষ্পবন, মুকুলিত পুষ্পগণ, হেরিলে মনের তাপ ঘায় ! विधरक कांत्रिनीक्न, कूटेंट्ड कांत्रिनी कन, ষরি মরি কি শোভা তাহার। কুটেছে অশোক ফুল, শুদ্ধ বিরহীর শূল,

কে দিল অশোক নাম তার।

लालवालूत क्ष वर्गन। পুজানপতির এক আছিল নন্দনী। গোলবামু নাম তার যেন সৌদামিনী॥ পুডাকৈ চিকুর মেঘ করি নিরীক্ষণ : भटन%क्टचे वृष्टि इटल क्त्रदश क्र-अन × ে র মুখ শোভা তার অতি ছঃখ মনে। গগনে উঠিল চাঁদ পক্ষজ্ঞ জীবনে 🤫 গগনের শত্রু ধন্তু ভার জুব্ধ লেখে। छक्त मानिदादत स्वयां एतत्र त्यात्क त्यात्क ! শিবিতি মধ্য শ্রু গোলেন আদে ক ्कार्क्त ः क*ं* म्याकुत ज**्म म**३।८५€म ॥ নয়নের ভঞ্চি তার দেখিয়ে নয়নে। महा थिएन मृशकुल वान करत वरम । भवः ८६ जूनना मा मामाटक स्ट्रेन। र, हैं देकि अटक आमि शिक्षात भृतिन। ष्याद्यादन विषाका श्राद्धिल कुम्मकूल । कुमातीह अन्द्रनाम किएए नम्पूरा ह ভুলনা **হল ম**াভার দেখিরে বিধাতা। केन्तरम **मुका**रस सहस्य मरम **१ एटस रा**था। क्यातीत किरमण कवि नित्रीकर्ग। ্ করিঅরি বন সাকে রুকে অনুক্রণ।

#### গোল-হরমুজ।

শিখিতে চলন তার রাজহংসগণ।
কুমারীর সহ সদা করয়ে ভ্রমণা।
্য বীর প্রগঠন নিতম দেখিয়ে।
পৃথিবী হইল মাটী ভাবিয়ে ভাবিয়ে॥
বুঝি বিধি মনে মনে করি অনুমান।
বিজ্যতে বিদ্রুপ করে করেছে নির্মাণ॥
বিজ্যতে বিদ্রুপ করে কপের গরবে।
নতুবা চপালা কেন সে চপালা হবে॥

হরমুক্তের রূপ দর্শনে গোলবারুর মুস্ছ্রি,

ও দলীনিগেড় মিকট ভাবে পাকাশা।

একদা কামিনী, সহিত সঙ্গিনী,
স্থান করিবার ছলে।
রাজার উদ্যানে, আন কিন্তু মকে,
আদি নামিলেন জলে।
তথায় স্থানিরী, হরমুজে হেরি,
আহত মদন শরে।
উঠিতে উপরে, পড়িল সত্তরে,
মুক্ষ্যি হয়ে ভূমি পরে।।

र्फिनिकीशन, कतिरा भातन, ভাষ্ঠাভাড়ি কেঃলে লয়ে। সকলে তথন, করিল গমন, তথা হতে নিজালয়ে॥ শীতৰ গীবন, করিতে অর্পণ, বাসার হল চেত্র। তথ্ন **স্থা**দরী, উঠি দ্বরা কবি: কেলিভা সুটি লঘন র ব'লারে চেতন, করি নিরীক্ষণ, करह या अवस्ति। · "说,可是数据,这样的"我是"。\$\$\$ भरशक्रिक दश मुन्दि ॥ खेनिट्य त्रग्<sup>ष</sup>ी, **कट्टन अग**नि, कि कहित मध्छति। कुछ्न कानरन, र्ह्तिसू नगरन, • কিবা ৰূপ আছা মরি 🎚 (म क(न यथन, क्रिक्स मर्यन, ভখন দাকণ মার। नार्य शक्षभव, श्वित मञ्जू, বধিতে প্রাণ আমার॥ তাহাতে মৃচ্ছিত, হইনু নিশ্চিড,

#### গোল-হরমুজ।

নুরায় ভাছারে, দেখাও আমারে নতুবা প্রাণেতে মরি॥

#### (शाल्यानुत (थेन।

मिनित कर दाभा कतिए। थात्र।। किट्ड लाशिय धनी मजल नगन ॥ হতো সংচ্চি শুন আমার বচন ! সেই কপ্নেদ্র দেখাও এখন 🛊 শ্রদের শশি জিনি ওচাক ব্যান। কিব। নয়নের ঠার কেন্ডে লয় প্রাণ ॥ 🖙 ६४ शुनर्खाः (भडे चेपवान) 就是 帶後 我沒知此的 Seld Cu Cu 那Cu 3 अग्रा अभि कित संगतिसम् भटक सा । टात अमर्नाम बात शताग तरक मा गः জলিতেছে প্রাণ সহি স্মর শরানলে। তারে হেরিবারে শীঘ্র চল যাই জলে ॥ বলিতে বলিতে ধনী মনের বিষাদে। ष्ट्रिंग डेठिन निरंत्र वागित श्रामारम्॥ তথা **হতে হরমুজে করি নি**রীক্ষণ। मिछन अवस इस वितर (वमन ॥

মুচ্ছিত। হইয়ে তথা পড়িল কুমারী। তঃভাতাড়ি **স্থীগণ মুখে দের বারি**॥ মুষ্ঠ্য ত্যজি বিনোদিনা মেলিয়ে নয়ন। দ্রুতগতি ঘার পুন করিতে দর্শন দ इत्रमुद्धः (शति धनी अयुज्ञ अनुद्रतः । मशीशंदन मुक्षामुशी प्रकाश नागदत ॥ एडे एक्स मन्हर्ति शूलम तन्ता। কেটি মার নিন্দি 🖖 ভূবনমোইন 🛊 দেহ ওরে সহচরি মিলায়ে আমায় : দহিতেছে প্রাণ মন বিব্রু সালা ম নির্থি বাল 🕝 🦠 🐠 🗸 ন্যাগণ। স্থির হও মনে বৈখ্য কর গো ধারণ॥ অন্তুচা বালিকা তুমি প্রথম যৌবন। ছিছি ধনি লাজে নরি একি অলক্ষণ ঃ क्या मा ७ विद्यानिय भारत विता ণিভূ মাভূ কুলে কেন দাও জলাঞ্জলি। তাতে কি প্রবোধ মানে তাহার প্রাণে অঞ্চলার দহিতেছে অনঙ্গের বাণে।। কল্ছ 🗚 প সজনি ধরি তোর পায়। জ্ৰুতগতি লোক সংগ্ৰাম **নাইয়ে** তায়। श्वितिः तालात र १ नशी धक सन।

এখানেতে প্রেমমর একাকী কাননে। বসিয়ে আছেন অতি বিরস বদনে। ক্রেকালে সথী তথা করি আগমন। সুমধুর স্থারে তাঁরে করে নিবেদন।

হোরমুজের প্রতি সধীর উক্তি।
তন শুন যুববর, রসময় স্থনাগর,
নৃপতি নদিনী তব স্থলাবণা কেরিয়ে।
কি কব হে গুণমণি, তব প্রেমবনে ধনা,
হতে চায় তোমা ধনে পতিরূপে বরিয়ে।
স্থবর্ণবরণী বালা, নাহি জানে কোন আলা
তব লাগি আছে ধনী মর্মেতে মহিয়ে।
শুন ওবে গুণাকর ভাবে স্থলীতল কর,
মহাদুখে অমুরার্গে পরিশয় করিয়ে॥

সখীর প্রতি হোরসুজের উজি।
ওরে পাপীয়দি শুন বচন আমার।
এমন বচন মোরে না বলিহ আর।।
একবার ভূপত্ত সহপ্রেম করি।
একাকী উল্লামে আছি গৃহপরিহরি।।
দূর হও হেবা হতে এখনি উরায়।

হতরী হোরসুজের নিরুট হইতে আসিয়া গোলহামুকে ক্লিভেন্তে।

যাতে দেখে বিনোদিনি হারায়েছ জ্ঞান।

যাহার মোহন মুর্ত্তি করিতেছ ধানে ।

যার লগতি হইয়াছ পাপলিনী প্রয়ে।

কি ক্র সে যুবরাজ না চার তোমার ।

হোমার বিনয় কত কহিলাম দাস

কটুক্ত করি মোতে করিল বিদায়।

সংচারীর তা তি গোলবান্তর ছিল।

নাত বজুলোত যেন হল সেইক্ষণে ।।
কানে ধনী স্থা প্রাত হইরে কাতর ।
আনারে না চাল দলী সেই গুণাকর ।।
তাবে বল সজনি গোলক করি উপায় ।
আনার নির্বোধ মন সদা তারে চায় ।।
কি ক্ষণে হেরিল তারে আমার নয়ন ।
ভুলিবারে নালি চায় একি অলকণা।
যাচায় ঘৌরন দিকে চালিলাম যার।
হার হার লাজে মরি শে জলনা চায় ।।
নারীরে শ্রীন এত করিলেনাহরি।

নাহক তাকক শুন আমার বঁচন।
প্রবোধ নাহিক মানে এ অবৈধি না
্য কোন প্রকারে হক মিলাও ভাইনে।
বিধা প্রাণ সহচরি বহি ২ব পার।

গোল্বামুর প্রতি সহচ**রার উ**ল্ডি লাজে মারি ধনী তব শুনিয়ে বচন ৷ রমণী যাতিকা হয় একি অলকণ চ পুর্ব্বংপর এই রূপ শুনেভি শ্রবংগ পুরুষ ঘাচক হয় রম্বী সদ্মে॥ ে।মার খেমন ভাবে তারে তাহা নগ। তবে বল ধনী কিনে হুইবে প্রশ্ন ন পিরীতি প্রম ধন সামাণ্য লা হয় : প্রেমিকে বুঝিতে পারে অপ্রেমিকে নর ॥ ভূমি ভার প্রেমে ধনি মঞ্চাইলে মন। ভোষারে না চায় সেই প্রেমিক কেম্ন !! লায় বিধি ছেলে থেকা শুনে মরি লাজে একহাতে হাত তালি ক**ভু** নাহি বা**জে** 🛚

গোলবান্ধুর সহচরীর প্রতি পুনরুক্তি ও হোরমুজের সহিত শুভ দর্শন।

ক্ষনি **সঙ্গিনার মুখে রাজার কুম**ারী। की नित्रं केंगनित्य करक इस्क बरक दाहि अक्र यात महिए एक निमातन भात। এ লক্ষার লক্ষা বেধে হয় কি তাহার। विधिल कारमत वाध रूपरा आमात। ভূলিল নয়ন মন ৰূপেতে হংহার। त्रमशीत मात धन लक्का उस हिल । यामा १८७ म नदन यसुत् ११म ॥ क्रियन बिलंक ग्रम यन महहति। ধৈরক ধরিতে নারে বলনা কি করি। ্কোন ৰূপে মিলাইয়ে দেহ গো আমায়। মকুবা এ পাপ প্রাণ রাখা নাহি যায়। এত বলি তথা হতে ৰূপদী সন্ধা। বাটীর প্রসাদে ওঠে হেরিতে নাগরে। তথা হতে বিনোদেরে করি দরর্শন। भियानमः नीएत वाला इहेन श्रमन ।। অপৰপ ৰূপবান দেখিয়ে নাগরে। वृत्त एम् इत एव कावान की

হেন গুণমণি সেই হোম জ **ও**জন: অকস্মাত্রমণীরে করিল দর্শন !৷ শরবি**ন্দ্র বিনিন্দি**ত স্তার বদন। कुत्रक शंक्षन चिनि क्यल नग्नन ॥ ৭৩ সৌদামিনা জিনি অক্সের বর্ণ। প্রামের প্রোধর আতি স্তুমে ভন । ত্তপার ব্রুষ্কি শোভে ম্নোল যেন সরোক্ত দলে উলিত জন্ এ**ৰপ** নারার ক্লা কলে নরাক্ষর চ भटनारकत्र भारत एवा चाकुन कीयन ।। মার শ্রানলে দিয়ে ধরে অলেচিত স मूण्डिल इंगेरक लाग कतिन नगर '' **(इनकाटन जन्छ।) दन ४८० किनम्**षि । তিমির বসন পরি **আইল** র**জ**নী ॥ কতক্ষণ পরে ধরা পাইয়া চেতন। ৰূপদীরে চায় পুন করিতে দর্শন।। **ज्याभित किन्न ह्राह्य उथन।** क्षत्रीदत्र ना ट्हित्य दिवस वनन ।।

शालवासुक्र अमर्भटन (शतरम्बाव श्लेम

এই যে আমারে প্রিয়ে দিয়ে দরশন হে।

চপলার নাার কোথা করিলে গমন হে।।

এই দেখিলাম তব কুরক্ষ নয়ন হে।

এই দেখিলাম তব কুরক্ষ নয়ন হে।

এই যে ছিলে হে ভূমি চাতকী যেমন হে।

চপলার নাায় কোথা কবিলে গমন হে।

এই দেখিলাম তব স্তুপর বদন হে।

এই যে কটাক্ষে মন করিলে হরণ হে।।

এই যে দেখায়ে মোবে প্রেমের লক্ষণ হে।

চপলার নাায় কোথা কারিলে গমন হে।

হোরমুজের বিরহ।

এই কলে গুণমণি ছোমুছ চ্ছন।
কুপতাল কপ ভাবি করেন রোদন।।
বলে আন্তা নিধুমুখি নরশন দিয়ে।
পুনঝার কোখা তুমি গেলে পলাইয়ে।।
বিশুর উদ্যো স্থী হয় সর্বজন।
মমপাকে ইল ভাষা গরল বেমন।।
ব্তক্ষণ গুণনেতে ছিল দিনকর।
দেখিতে ছিলাম তব কপ মনোইর।।

इ व शिल मनी आंत्रि छेनस कड़ेल ! তব মুখ শশী ধনী কোধা লুকাইল 🗅 হারে নিদারুণ শশী কহনা কেমনে। বিচ্ছেদ করংলি সেই প্রের্মীর সনে । সবে কয় শশী ভোৱে জপত্রঞ্জন। সে কথা কথার কথা বুকিনু এখন!! मश्**रश**ातीत करत शाक मानम त्रश्नन : বিরোহীর পক্ষে কর বিষ বরিষণ !! জানিলাম শুশী ভুই যেমন সুজনা এখনি করিব ভোর উচিত শাসন।। এত বলি ক্রোধে ধীর হইয়ে অধর। यूफ़िलन नतामतन जीव क्रहेनत ॥ হেনকালে শশধর মেঘে আচ্ছাদিল। দেখি যুবরাজ ধনু ভূমেতে ফেলিল।। ভাষিয়ে নয়ন জলৈ কহে শুণাধার। না জানি কেমন মন কঠিন আমার।। यत्व महत्रती अन नहेरछ न्यामाद्र । আহা কত কটু স্থামি কয়েছি ভাহারে।। ক্রিয়াছি অপসান আগে না ভাবিয়ে ৷

## গোলবা**নুর স্বংগ্ন নাগরের স**হিত্ত বিহার।

এখানেতে রাজার নান্দনী। আদি আপনার বাদে, নয়ন নীরেতে ভাসে, विषम विद्याक वियामिनी । युक्त वारण विकायती, कर महिंद (म स्वन्त ती, দারুণ বিরুহ কতাশনে नाहि यादन मिवाबी, वित्युत पट्ट यन. कुलवालः महित्व दिमान ॥ দোড়শী **যুবভীৰতী, ভাহাতে নৃতন**ৱতী, नाहि कारन विवय 'दक्यन। বির্তের ফি জাবেশ, অফুত ঘটিল শেষ, जूरम शर्फ इस्स जरहरून । चटिं व इट्स धनी, ज्रश्यम माध्यस्यी, नहान्दङ किथियादः भाष्र। যেন নাগতের পক্তে, স্কিরে রগতরতে, . : (अभागारण वात्रिमी लाकात । अवनः वितंशानम, विनासिक स्नी उनामिक

wer weit exists with to the te

করিয়া তিমির নাশ, দিবাকর স্থাকাশ,
প্রাতে বচে মলয়া সমীর।
চৈতন্য পাইয়ে ধনী, না হেরি নাগরমণি,
শোকে পুন হইল অহির।

হোরমুজের অদর্শনে গোলৰাকুর আক্রেপ**ং** करङ् वित्नामिनी (काथा त्रमणी त्रमण (ह) **मिथा पिराय किन श्रुन श्रुन श्रुन अनर्भन** कि । এই যে করিলে কত প্রেম জালাপন হে । ভবে কেম নাহি ছেরি ও বিধ্বদন ছে 🕯 এই ক**রিলাম** তব শ্রীমুখ চ্য়ন হে। **এই यে फिलाम ध्यमारवर्ग चालिकन** हा। এই যে কহিলে কত মধুর ৰচন ছে। उदि किन नाहि रहित ও विभूवमन हि। এই মম শিরে কর করি সমর্পণ হে ! কহিলে তোৰারে নাহি জ্যান্তব কখন হে। **এই यে वृद्धित प्रमास्त्रीदम अञ्चल (१)। उदर किन माहि हिति अविश्वकने ए**ह ।। **এই यে अध्य अग कतिहत्र धातगै रह**ा कहिल कल्डक कथा मा आहा स्थान (इ।। **এই (व कवित्स जामना जनिका** 

বুকিলাম ছলে মন করিতে হরণ হে।
তাই হয়েছিল নাথ তব আগমন হে।
আগে যদি জানিতাম কঠিন এমন হে।
তা হলে কি মন প্রাণ করি সমর্গণ হে ।

গোলবানুৰ বিবৃহ। धक्रा कामिनी, खन शानिनी, নাগরে না হে'ব ভাবিছে কত। বিছনে নাগর, বেৰুপ কাত্র, লেখনী লিখিতে না পাৰে তত।। कट्टन झन्महो, अला मट्टबी, वन ना कि कति वह डेशाय। ৰিরহ আলায়, তনুজলে যায়, बिनाहेरत जात (मह जुतात ॥ अन भा नक्ति, '(य मत्य तकनी, কাটায়েছি আজি বলিতে নারি। ग्नीतः कित्रकः जिल्लाहरू रचयन, 💛 শহিতে মাংপারি: সইছে নারী।। কি কহিব আৰু নোলতীর হার, े बिलारसङ् य**उ तथी काबाब**ा ्रमबर्ख अवनी, (क्ली-**स्टब** केनी*रः ६०*  ওলো স্থলোচনা, তাজিয়ে ছলনা, কেমনে বলনা পাইব ভারে। ওলো সংচরি, বুঝি প্রাণে মরি, অতি ঘোরতর মার বিকারে।।

গোলবামুর প্রতি সহচরীর উক্তি। প্রমদার মুখে শুনি, বিষম বিষাদ গুণি, বলে ধনী হেন কথা কহিলে কেমনে গো असुष्टा वालिका (यहे, मुनिक: ३३ (य मिहे. : इंडि धनी लाटक मात्र अमन तहरन (भा।। অক্তাত যৌবন তব, কিছু নহে অমুভব, নাহি জানি কি করিবে বিজ্ঞত যৌবনে গো। মিছা খেদ কর কত, হও গুপ্তা নারী মত. কুলশীল সৰ রবে সেভাব ধারণে গো ॥ कान ना कि महीभाल, भारत कालाए इस काल, कानित्न कि विस्मामिन बहित्व कीवेंस्न लगा। महियो वाश्विमी ध्यात्र, यमानि तम होत नाय, তিলেতে করিবে ভাল ভাবিকে সামনে গো II ছিছি ধনি লাকে মার । পরকীয় স্থানা করি. নৃপতির কুলমান খোরাকে কেমনে গো।

### সহচরীর প্রতি গোলবামুর উজি।

শুনি ৰঙ্গিনীয় মুখে, কুমারী কাহন ছখে।
কে অন্যথা করিবে গো ভূমি যালা কহিবে।
কিন্তু এবিরহ বিষে, পরাণ বাঁচিবে কিসে,
অবলা বালার প্রাণে বল কত সহিবে।
তেরি সে চন্দ্রবদন, হল প্রেম উদ্দীপন,
না পাইলে সেই জনে প্রাণ নাহি রাহবে।
বুক্তেছি ভোমার ভাবে, মোর প্রাণ যায় যাবে,
যে ক্ষান্ত সে কতি মোর ভোমার কি বাইবে।
ওপো প্রাণ সহচরি, বল কিসে ধৈয়া ধরি,
বিনে সে নাগর মণি, আমারে না পাইবে।
মজেছে সে কপে মন, কিষে করিনিবারণ,
বিনে সেই প্রিরজন রনবারণ নহিবে।

গোলবারু কর্তৃক আপন বৌৰ্দ্রের অবস্থা বর্ণন।
সংচরি পূর্বের বরং আছিলাম ভাল।
কি কাল ক্ইলামা ও বৌৰক্ষালা।
ভূটিল ক্ষরপত্ম বুটিল নৌধর।
ভ্রমর অভাবে কিলো বুড়াই জীবন ।।

्यान शहर तम रहेल सकात ।

वाला काल महत्ति हिल (भा संभन। শিশুসহ থেলা করিভাম অমুক্রণ তথ্ন কি ক্লানি আমি প্রণয় এমন। এখন দেখি যে সমি নিকট মর্ণ।। क्षि मद्रावद्ध मद्राजिमी প्रकाशितः मत्नादकत तम कारम चानिएत युक्ति ॥ পূর্ব্বে স্থবাকরে ছেরে স্বুডাত জীবন এখন সে স্থাকর গরল যেমন।। পূর্বে স্থাথ শুনিভাম কোকিলের স্বর । এখন প্রবাশে ধেন বিজে ভীক্ষালর।। পূর্বেক করিভাম স্থাথে সমীর সেবন। এখন সে সালে তিকে। অনল যেমন।। পূর্বে অনুরাগে পরিতাম নানা ফুল 🗈 **এथन गड़ीरत त्यन कारडे कीक इन ॥**ः পূৰ্বে লেপিতাম মঙ্গে স্থানি চন্দম। এখন মাখিলে ভাষ্টা সংস্থা জীবন গা পূর্বের বেণী প্রিয়া অতি ক্লিপ্রনা সক্রমী। **এथन मश्मान काल त्यन कालक में**।। পূর্বে প্রেমনবৈশে পরিভাস দীলায়র 🕦 এখন পরিলেছর রাচকুল:অন্তর:॥<sup>১৯৯</sup> জ कि काल इंडेल अभि का प्रमान

### গোলবানুর প্রতি সহচরীর উক্তি।

শুন মহিলে বলি তোমায়, তাজনা কুল প্রেমের দায়, যাবে লো মান রবে না আর, রবে না আর। বালিকা ভূমি না ভান ধনি, মজনা প্রেমে রমণীমণি, এছার প্রেমে ছুপ্ত অপার, ছুপ্ত মণার।। সাধনা কর সে নিতা প্রেম, হবে যুবতি তবে হে কেন্মে যে প্রেম সাধে যোগীন্দ্রগণ, মুনীন্দ্রগণ, ভাঙ্গ অনিতা নিতা ভাবনা, রবে না ধনি ভ্রমাতনা, কুপদি বহি পাও সে ধন, পাও সে ধন।।

সহচরার প্রতি থোলবালুর উক্তি।
হাসিয়ে হাসিয়ে তবে কহেন স্থানরী।
লাজে মরি কেমনে কহিলে সহচরি।।
প্রবীণা না হই আমি নবীন বরেস।
ইন্দুর অবশ নহে নাহি পাকে কেশ।।
ইন্দুর অবশ নহে নাহি পাকে কেশ।।
তথন করিব সার নিজ্য প্রেমধন।।
বিশেষ স্থীর উক্তি শুনেছি প্রবণে।
এই প্রেমে পাওয়া যায় সেই প্রেমধনে।।
অত্তর্গর করি চলা পরিভাগে করে।

#### (शाल-रत्रमुक ।

হোরমুক্তকে আনিতে জনেক স্থার গমন ও উদ্যানে হোরমুক্তের বিলাপ !

कमात्रीत श्रिमशी हिन यट जन। কমারীর ভাব হেরি বিবাদিত মন । শীভ্রগতি এক সধী উঠিয়ে সত্তরে। চলিলেক পুনর্কার কুমার গোচরে 🗄 এখানে নাগর নাগরীর অনুস্ নে। बाद बाद बादा कल कमल नम्रान ।। বলে হায় একিদায় কি কর্ম করেছি। व्याशमात त्नारम तम धनीत्त हातात्त्रिह ॥ ना दूरक मश्रीदत्र जामि करत्रिष्ठ ७९ मना। আর কি পাইব আমি সে চক্তবদ্না।। আর কি আসিবে সথী লইতে জামারে। আর কি পাইবে **আঁথি দেরিতে** তাহারে।। षात कि अमन जाना रहेरव षामात । मत्नामार्थ मित्रशिय विधुष्ट्रेथ जीत्र ।। धमन जाकर्ग्य जानि मा दर्शि कथन। रमधी निरंत्र व्याप सन कंत्रिम स्त्रेग ॥ 😘 ना जानि कि चार्ड तहे वालाक नवाने।

এই ক্রেণ গুণমণি নাগর সজন। । ।
ভাগি কপদীর কপ কবেন রোদন ।।
কেন কালে সখী তথা করি, আগমন।
দেখিলেন নাগরের পিরীতি লক্ষণ ।।

সত্চনী হোর**মূজকে জিজ্ঞাসা করিতেছে,** হোরমুজ উত্তর প্রক্**রে করিডেছে,** উভয়ের **প্রস্থোতি**র ্ন **প্রক্ষে এই** কনিতা।

नहरुते । दर्क कृषि दर युवंताक धका की निर्कातन ।

हात्रमुक । ध्यापन छ्राची चामि छन वतानते ।

महरुते । केतिए इं वन दर्धान थ्या को तावम ।

हात्रमुक । केतिए इं वन दर्धान थ्या को तावम ।

महरुते । देक उन थ्यारनेत थ्या केर मा थामात ।

हात्रमुक । कि नाक १ हेरव मम विनित्न छामात ॥

महरुते । को नाक १ हेरव मम विनित्न छामात ॥

महरुते । को नाक छेत् वन वन उद्दि अनित्म ।

हात्रमुक । कोन को बात केरीन देशी नेवा मा ।

हात्रमुक । कोन को बात कर्मन देशी नेवा मा ।

হোরমুদ্রের প্রতি সহচরীর উজি।

अकिक्ष्या पुनताज, खेमित स्टब्स् नाक, अभिनेत भिरतायाँग (म माती तक्षम स्थान मिलाक मुक्ति धरम, कच ताक्रभूखेनरण,

#### গোল-হর্মুজ

অমৃঢ়া সে রসবতী, জানে না কেন্দ্র হান্ত্র প্রেম্পী বলৈলে ভারে করিঁটো কেম্ন কেন্দ্র একি কথা সকানাখ, ভ্যাগ কর কেন্দ্র হা টাদেরে ধরিতে চাও স্ট্রে বামন ফে

সহস্থীর প্রতি হোরমুজের উত্তি ক্রামা যুবতা তুমি নবীনা কামিনা নিজ্জন প্রদেশে কেন এলে এক কিনা কি আশায় হেলা আশা কি তুম মনন । হঠাত কৃষ্টিলে ফেন নিউ্ব ব্যন্ত

লোরস্জের প্রতি সহচরার উত্তি।
আমাদের ঠাকুরাণী নবীনা যুবতী।
দে রূপের কাছে রতি নহে এক রতি॥
রূপমী যুবতী ধনী সমীর সেবনে।
স্থীসনে এসেছিল এই উপবনে॥
করিছেন প্রমানন্দে উদ্যানে ভ্রমণ।
অকস্মাত্ মন তাঁর হইল হরণ॥
কে হরিল মন ধন তার জানিবারে।
চাকুরাণী পাঠাইল এখানে অস্থান

# সহঃ রার প্রতি হোদদজের উজি।

কে তোমার ঠাকুরাণী কি নান তাহার ( বল বলু সুধামাণ নিন্তি আমেছে ) অনুচা কৈ বিৰাহতঃ গে নব ললন্। ছণ্না তা, গটো ধান স্বাধা বলনা ।

হোরমুজের প্রতি সংচরীর ডাও।
পুজান বালের কন্যা গোলবার নাম।
ভিনি প্র মানের হাক্রা। গুলিমার স্থান, এ জুল বা লাসায়ে কান্দে।
হারাইয়ে গেছে ধনা নিজ মনোধনে ।

সহচরীর প্রতি গোরম্বার উক্তি।
ত তা স্থীর মুখে প্রেয়শীর নাম।
প্রেন্ত তাল্রে ভাসিলেন গুণধাম।
সহাত্য নাল্র গরি সঙ্গিনীর কর।
স্বিনয়ে কাল্র লাগিল গুণাকর।
কুপা বিভরণে সঞ্জিমিলাইয়ে তারে।
জনমের মত কিনে রাথহ আমারে।

কি ক্ষণেতে দেখিলাক সে বিধুন্দন।
উন্ধান্ত চইল মন না মণনে বাবালাল চপলা চপলা দদা যে ৰূপ দেখিছে। লাজে শ্ৰী কাণ হয় ভাবিয়ে ভানিয়ে তভোধিক স্বৰাপ্নী সে নারী রতন: আমি কোন ছার মকে যোগিজন মন অতএব বিমোদনি কি কহিব আন। করুণা করিয়ে প্রাণ রাখহ আমার

হোরষুক্তের তাতি সহচরীর উজি।
তব কথা শুনে লাজে মরি রসরাস।
তবে দেখি তব আশা বামনের প্রার॥
বারাঞ্চনা নহে সে যুবতী কুলবতী।
নবোঢ়া সে স্থরপদী নাহি জানে রতি॥
কালান্ত কালের প্রায় খুজান রাজন।
ঘূণাপ্রে জানিলে মোর যাইবে জীবন।।
কার ঘাড়ে ছুটা নাতা একক্ষ করিবে।
ফ্না দাও ধীর জামা হতে না হইবে॥

महत्री मद्भ हात्रभू छत्र शालराष्ट्री

বাঁচাও গো সহছরি মিলাইয়ে ভার। নত্বা দেহেতে প্রাণ গাধা মাহি যায়।। উন্মন্ত বার্থ মন না মানে বার্থ। ात करा वर्षा नमा क वरक सम्ब দেহ সহচ্তি মাত্রে করিয়ে মিলন। এक विश्व थटत शिटल मश्रीत हत्। নির্বি ধ্রুবার ফাজে কছে সহচরী। ছি ছি ছাভ ছাড় পদ সরমেতে মরি।। যুররাজ একি কাজ দেখে হাসি পার। धतिदल माजीत लाश तमणीत मालः रिश्वराध्त लन्धाः ছि ছि मति नाटक। প্রস্তু মম আগমন তোমাদের কাজে।। বুসরাজ করু দাজ আনন্দিত মনে। एल आफि भिनादेव अभनात मरन।। সঞ্জিনীর মুখে শুনি এৰূপ বচন। হাত বাড়াইলে যেন পাইল গগন !! **প্রেমা**বেশে যুবরাজ বেশভূষা করি। **हिल्टिन (अगोनर्क मह महहती।।** कुराती आहिल (१४। १४ नित्रिश्दा। (इनकारन मिल मधी नाशदत व्यानित्त ।

### ছোরমুন্জের সহিত গোলবায়ুর গান্ধকাবিবাহ।

নাগরে পা**ই**য়ে তবে **হরিষে না**গরী। সমাদরে বসাইল সিংহাসকোপরি । হেরি রূপ রস্কুপ নাগরী তথ্য : नः एक वर्ज विश्वमूशी **गांक**ल वनन ॥ রসিকরাজন ব**রু বসি সিংহাসনে**। চাত্রী করিয়ে কহে স্থী স্থোধনে। কিবা অপক্ষপ আজি ছেবিত্র নয়নে। তড়িত শ্বকাতে চাতে পিদ্দন বসনে। ে লার ঠাকুর বির মহিসা কেমন। করেছে শ্বলস্তাদল বসনে বন্ধন ! বল সখি প্রকাশিতে ও বিশ্বসক। হেরিয়ে যুড়াক মম ভাপিত লয়ন॥ खनि मधीनन करा छ विश्वनिन। ইহার উত্তর কেন কর না আপনি। थनी क्या अकि कथा कर मधीनवान -চোরের সহিত কেবা করে আলাপন। শ্বেরি সারক্ষাল্ড -

তোমার সমান চোর না দেখি কথন! (मधा मिट्य व्यांग मनः कटक्ड इत्य । প্রবীর উপমান জনের হরিয়ে। নিজ **অঙ্গে** যতনে রেখেছ লুক'ইলে॥ मंगीद्व-इट्टएइ ज्व वमन स्नम् व । শশী স্থা **লইয়াছে** তোমায় অধর !! ইন্দীবরে হরণ করিয়ে গোপনেতে। রাখিয়াছ বিনোদিনী ছুটি নয়নেতে ।। পঞ্চশর পঞ্চশর করিয়ে হরণ। পুরুষ মজাতে চকে করেছ ধারণ ঞ অপ্রাজিতার ধনি ক্রিয়া হর্ণ। করিয়াছ মন্তকেতে চিকুর চিকন।। মধ্যক্ষীণা কেশরীর কটিদেশ হরি। অপেনর মধ্যদেশে রেখেছ স্থন্তি 🛚 ''মল কমলে ধনি করিয়ে হ্রণ। ক নিয়া**ছ ৰক্ষঃস্থলে পীনোপ্ৰত স্তন।** खुबर<sup>्</sup>त वर्ग धनि लहेरा वर्णन । মিশায়েছ আপনার লাবণাের সনে।। शक्किना मुश्रात्वरत हतिएव वहरत्र। **রাথিয়াছ** অপেনার ভুজে মিশাইরে।। **म्मिटकृत किन धिन नाम (भाभारमाउ** 

ভাই বলি সহচরি বিচার না কবি : अविठादत कात वन अदन नाटक महिन শুনি মনে মনে ধনী বাখানে নাগৱে : বিশেষ ব্যাকুল। ছল মিলনের ভরে ॥ উভয়ের মন বুঝি সহচরীগণ। কার্যাছলে বাহিরেতে করিল গমন।। **७४न निक्क न** दूबि मूट्य श्वताव ' করে ধরি ক।মিনীরে নিকটে বসায় 🤉 विधुमुशी ममिषकु लब्का (भरत मना नियम अभूथनानी जाकिल वनत्म ॥ भटक युक्ता (म नवीना छाटह कुलवडी . পুরুষ পরশে হল সচঞ্চল মতি। यन दुकि भाश्वकिविधादन तममः। বিভা করি **করিলেন কামে প্রাত্ম**য় I

যুবক যুবতী দোহে অপূর্ব্ব পালঙ্গে।
নিরস্তর করে ক্রীড়া মাতিয়ে অনঙ্গে।
প্রেমাবেশে হেসে হেসে রমণী রমণ।
কৌতৃকেতে করে দোঁহে যামিনী যাপন
তিল অর্দ্ধ কেহ কার সক্ষ ছাডা নহ।

वितर व्यनम हिल स्ट्रेट्स व्यवस्। 🔑 মিলন সলিলে ভাষা করিল শীতল।। মনোমত পতি প্রাপ্ত হঠায় কুন্দরী। বিষয় **করিয়ে কছে কাস্থ** ক*ে ধরি*॥ তোমার অভাবে নাপ হয়ে গাগালনী। ভাবিতাম তব ৰূপ দিবস যামিনী।। এবে বিধি<sup>,</sup> সম প্রতি হয়ে অন্যুক্ত ! **छः त्थंत्र मा**शदत (मशाहेत्स मिल कृत ॥ ব্ছভাগ্যে পাইয়াছি ভোষা ফেন্ধনে! रमथ नाथ लाक ना एक के अधीन खरन ।। কুমার কংখন প্রিয়ো কি ভয় ভাছার ! বিজেদ হবে কি প্রাণ থাকিতে দোঁহার !! এইনপে কিছুকাল কুমার **কুমা**রী। त्य कृतिल तुळ तुम तम कृष्टिए नाति॥ সর্বদা থাকেন দৌধে প্রেম আলাপনে ! निवरम विरक्षन माञ इस म छुकरन !!

প্রেলবানুর প্রকাশ্য রিবাহের ...
উদ্যোগ।

একদিন-মহারাজ প্রজানাধিশকি।

ইরান নগর হতে দূত এক জন। পত্র আনি ভূপতিরে করিল অর্পণ 🗆 পত্র পেয়ে নবপতি পড়িল যতনে! মশ্ম ব্রি প্রেমিস্কু উর্থলিল মনে ॥ সভাহতে নরপতি উঠিয়ে তথন। মহিবীর নিকটেতে করিল গমন। গোপনে ডাকিয়ে ভূপ কছেন প্রিয়ারে ইরানপ্তিরে চাই কন্যা স্পিরারে 🗵 ধনে মানে কপে গুণে সর্বাণাশ প্রাধান। কন্যা ধনে সেই জনে করিব প্রদান। वश्रक्षा करमार्क्ष करना राज्या नाहि याहा এই দেখ পত্র ভূপ লিখিল আমার।। श्वितस्य नात्थत् वारी महियो उथन। অনুমতি দিল ভূগে হয়ে হৃষ্টমন 🛚 মহিধীর অনুমতি পেয়ে নরপতি। পত্র লিখি দূতেরে পাঠান শীভ্রগতি।। মহানদে দৃত আদি ইরান নগরে। পত্র সমর্পণ করে ভূপতির করে। পত্র পেরে নরপতি যতনে পড়িল। আশার স্থশার জানি আনিদে মজিল ! भू नर्वात विशि अन्य <u>रे</u>---

পত্র পেয়ে নরপতি আমনের মঞ্চিল। শীঘ্রগতি মাহধীর মহলে চলিল। তুনয়ার বিবাহের সম্বাদ কহিল।

গোল্যান্ত্র নিকটে মহিবীর হডকী প্রেরণ।

বিবাহের বার্ত্তা রাণী শুনি পতি মুখে: श्रुवादक शृद्धित काइ, ष्यामम् मा धाद शाहा. এয়োগণে ভাকেন কৌতকে 🏾 রাজরাণী স্তথার্ণনে হইয়ে মগন। कुठांत विवाह करना, नर्य ये कुन करना বিবাহের করে আয়োজন 🛚 ঘটকিনী প্রতি রাণী কহেন তথন। या अ योख घरेकिमी, माकार्ड व्याप मिलना लएय नाना वनन पृष्ण । মা মোর ৰূপেন রাশি এতিন ভুবনে। হেরি মার রূপ ছবি, দেখ লাকে শশি রবি. ধরা তাজি ধাইল গগনে। **এই न**ह चंडेकिमि विविध **जुव**न। মনোহর বেণী করি, বাঁধিয়ে দেহ কবরী, नामाकाल करि मुर्गाउन ।

लइ भविभाग्न इन्त्र, शत्न मिर्ट्स मोख स्रोत. আৰু বাহা বথা শোভা পায়। महियोत वाशी थनी कतिए खवन मामा अनकात नार्य, मरनट अकुल हर्य. উপনীত বালার সদন ॥ নির্থিয়ে কুমারীরে কছে ঘটকিনী কি কর বসিয়ে সতি, পাবে আজি প্রাণপ্রতি হুরা করি দাজ লো কামিনি ! ইরানের পতি নাকি অতি তেজোবান। শুনিমু মহিষী মুখে, ভোমা ধনে বাঞা স্বংখন ইরান পতিরে দিবে দান 🛭 অতএব স্থধামুখি করি নিবেদন। বস্ত্র অলঙ্কার পরি, চল চল ত্বরা করি. মনোহর বাসর ভবন।

ঘটকিনীর বাক্য শ্রবণে গোলবামুর থেদ।

এতেক বচন, করিয়ে শ্রবণ,
প্রমদা প্রমাদ শুণি।

বলে হায় হায়, করি কি উপায়,

একি বিপরীত শুনি ॥

জীবনের বার, যেজন জালাস

তাহারে তর্গজন্মে, কেমন করিয়ে, অনোবে কবি বরণ। সে ৰূপেতে মন, হয়েছে মগন, অনো নাহি প্রয়োজন। এ প্রাণ থাকিতে, ভাষারে ভালিতে, · নারিব গো কদাচন i যে প্রেম রতনে, কতই যতনে, कड कार्ये लाउ इश्। মম মনে যাহা, কে জানিবে ভাহা, खान आग मन मन ॥ (महे यम धार्म, (मह यम ज्हान, সেই সে আমার গতি। তাবে প্রাণ মন, করেছি অর্পণ: অনো নাছি লয় মতি ! এ ধ্রাণ থাকিতে, অনোরে ভঙ্গিতে, কদাচ নারিব আমি। महे खांग धन, महे म जीवन. সেই মম চিত্রামী। **মেই রম**কুপ. প্রেমময় রূপ, काशिए मम कहत। তবে কি করিয়ে, তাহারে তাজিয়ে, রহিতে পারি অন্তরে॥

আমার জীবন, সকরী যেমন তিনি নিরমল বন! কিবা আমি কবা, তিনি তার মনি, ভাবি আমি অনুক্ষণ।

ঘটকিনীর প্রতি গোলবারুর উক্তি। ধনী,—ক্রাদিতে কাদিতে কহিছে ভারে घडेकिनि शिर्श कहना मान्त । বিবাহে আমার কি প্রয়োজন অমনি রহিব চের জীবন । भग भग गाँक हारक (म लहन। **দেবে বল বিভা করি কেমনে।** শুন শুন ওলো শুন লো ধনি। আমিতো নহি লোবালা রমনী 🛚 धरे बार् बाम कृषव शह ! বিবাচে আমার নাহিক মত ! এগনি প্রস্থান কর অমনি। इति ना इति ना इति ना धनि। ভোসাদের কথা কভু না রবে। কান মতে তাহা সিদ্ধানা হবে ৷ মিছা কেন ধনি বাতনা পাও i भ यांना जाबारा हिलास गाउ॥

# महिसी ७ घष्टिकारी कर्ड्क शालवासुरक अरवाध अमान।

শুনিষে বালার বাণী ঘটকিনী খালা। उपनीट श्रेजन महियी यथात्र॥ বিনয়ে বালার বাণী কহে ঘটকিনী। বিবাকে সম্মত নাহি হয় সে কঃমিনী। া জানি কি বিনোদিনী ভারিয়াছে মনে বরিবারে নাহি চায় ইরান রাজনে।। বসন ভূষণ পৰ ভাজি বিনোদিনী! ভাৰাৰ্ণৰে ডুৰে আছে যেন পাগলিনী দ বিধুমুখা নাহি চায় করিতে বিবাহ ৷ না হয় আপনি তথা একবার যাই।। थरेकिन्। तारी अनि महिसी उथन। ভন্যার নিকটেতে করিল গমন । মৃত্রস্বরে রাণী কহে প্রাণ তনয়ারে। কেন মাগে। নাহি চাহ বিভা করিবারে ।। হয়েছে কি চুখ মনে বল না আমায়। এখনি করিব আমি তাহার উপায়।। বিভার সম্বন্ধ করেছেন মহীপাল। অমূঢ়া হইয়ে জার রুবে কত কাল।।

রাজার শাশুড়ী হব আছে বড লাব ' সে সাধে আমার বাছা কবন: বিহাদ শুনি জননীর বাণী লাজেতে স্বন্দরী উত্তর না দেয় রহে মাতা হেট করি। হেরি তনয়াকে রাণী মনে বাধা পায় ঘটকিনী প্রতি কছে বুঝাতে ধালায়। শুনি ঘটকিনী কছে বালারে ভখন; রুথায় করনা নন্ট যৌবন রুতন 🛊 পাইয়াছ বিনোদিনী এনৰ ফৌব্ন : যুবক বিহীন হলে সব অকারণ ঃ শুন দিজরাজমুখি মনে ধৈয়া ধর। প্রেম্ব পতি গুণবৃতি স্বুখে কাল হর 🛚 ফান্ত হও রমবতি ধরি তব পায়। ্ই কর যাতে তব পিতা **কুলপায়**॥ শুনি ঘটকিনী বাণী কহেন কুমাৰী। প্রাণান্তে এ মতে মত করিবারে নারি।। ওলো ধনি দেহে মম পরাণ থাকিতে। নারিব তাহারে আমি ভ**জনা করিতে**।। এতে যদি প্রাণ যার ভাহাও স্বীকার। তরু তারে না বরিব প্রতিজ্ঞা আমার।। एनि कुमातीत वागी घर्छिकनी छूटथ। वामि अस कशिलक अभनीन

শুনিয়ে মহিথী মনো ছংগ্রেতে মজিল। তন্যার বিশ্বণ ভূপেরে ক**হিল।**।

গোলবা**নুর বিবাহে অসম্মতি প্রযুক্ত যুক্তানাধি** পতির ইরানাধিপতির প্রতি পত্র প্রবণ।

विकार राण छनि श्वानाधिशकि। ৰভাষৰ প্ৰতিক্ৰে বিধাদিত মতি।। ধল বল মান্ত্রগণ কার কি উপায়। ৯ব ন গ্লিব্ৰে কন্যা বহিছে না চায়। नाहि कानि क्याती कि क्रियारक मतन कि खटना निहरण माहि छाय (मरे खटन।) শুনি মস্ত্রিগণ কয় শুন নরপতি। মারার মানস কর **মনোমত পতি**।। वत्रक्षा रिव्रंटिक कमा। सन द्रार्किन ! **ুভুমি কি করিবে ভার না হলে মনন**্ যারে ভার মন চায় শুন মতিমান। (अर्थे करन दमा धरने यह मुख्यमान।। नद्रशिक कार भड़ा मकलि विलाल। \_কেমনে পাইন বুকা নমর হইলে।। অতি বলবান সেই ইরান রাজন। जर्म जरात्र जरात्रा जित्त (क चार्क धार्म ।

ভন্যার বিভা দিব বলেছি তাহণরে নিষেধ কেমনে করি কর না আমেরে ১ বলিতে বলিতে ভূপ উঠিয়ে তথম। ভনরার মহলেতে করিল গমন 🛚 क १ हाता करी आय क्हार तालन। জেজ্ঞাদেন ভনয়ারে বিশেন কার্ণ !! কুচ মা গো কি ছুঃখেতে হইয়ে ছুঃখিতা বাসয়ে রয়েছ স্থাং ইইয়ে বঞ্চিতা 🖰 েন কেন বাবিতেছে কমল নয়ন! কেন নাহি চাহ ভাবে করিতে বরণ !! হাসাওনা লোক আর শুন মম বারী। বিবাহ করেরে বাছা হও রাজরাণী।। र्शन जनत्कत्र वाशी कटहन द्वनहती। শুন পিতা কিছু আমি নিবেদন করি।। ইরান পতিরে মম নাছি চায় মন। ভবে ভারে কেমনেতে করিব বরণ ॥ বিবাচে আমার আর প্রয়োজন নাই। অমনি রহিব আমি যা করে গোঁদাই ৷৷ বসন ভূষণে মম নাহি প্রয়োজন। সন্মাসিনী বেশ আমি করিব ধারণ।। গোপানেতে আগসগভিত ~

अनिरम नाइण वाशी जनशांत मुद्ध । নরপতি ফিরিয়ে আইল মনোছুথে।। ন'ব্ৰুগণ প্ৰতি কহে একি হল দায়। क्षा ए अ**रन वांका वितृ**ष्ट ना हाहू। মজিবণ কৰে ভূপ ভাৰনা কি তার: এখনি সে জনে ভূমি লিখ সমাচার।। সংগ্রাম করিতে যদি হয় তার সনে। শাহনে আমরা দবে প্রবেশির রূপে । একমনে ধ্যান কর প্রম ঈশ্বরে। অবশ্য হইবে জয় তাহ্রে সম**ে**র 🛚 বিধির নির্বন্ধ কেবা করিবে খণ্ডন। তার জন্যে চিস্তা এত কিসের কারণ II श्रमित्त मञ्जीव नांशी द्वृत्थं मततास। ভাবিয়ে 🌶 জিয়ে লিগি লিখিয়ে পাঠার 🛚 দুত আসি শিঘ্রগতি ইরান নগরে। পত্র সমর্পণ করে ভূপে সমাদরে ।। পেয়ে পাতি নরপতি পড়িল তখন। ষশ্ম বুঝি হইলেন ক্রোধে হতাশন।।

### খূজান পতির কন্যা দানে অসমতিতে হ্বান পতির রণ সজ্জা।

রক্ত বর্ণ ছুন্য়ন, করে ধরি শ্বাসন.
মহাদদ্যে মহীপতি উঠিলেন গজিলিয়ে ।
সভাসদ প্রতি কয়, একি কার প্রাণে কর্ত্ত ।
শীঘ্র বল সেনাগণে আসিবারে সাজিতে ।
পুজান নগরে গিয়ে, রণ ক্ষেত্রে প্রাণিশ্যে
না রাধিব এক জন ভূপতিয় বংশেতে ।
সমাচার দাও সবে, সমরে ঘাইতে হবে,
বৈষণ নাই মানে আর মনে কোন অংশেত ।
বস করি সে রাজনে, লইব সুক্তরী ধনে,
করোছ প্রতিজ্ঞা দৃড় আপনার অন্তরে।
শুনি মন্ত্রী এই বাণী, নিশ্বয় সমর জানি,
বলিলেন দেনাগণে সাজিবারে-স্বরে ।।

## ইরান পতির পুজান নগবে গমন।

সাজিল অসংখ্য সৈনা কে করে গণন।
কেহ ধরি করবাল কেহ শরাসন।।
কেহ ধরি তীক্ষু শুল চলিল ধাইয়ে।
কেহ ধরি উত্তরতে মধল লউয়ে।

কেছ অশ্বে কেহ গজে কেছ উঠা পর। कंश भनज्ञ यात्र मिथिए स्मात ॥ অত্রেতে পতাকাপারী করিছে গমন। নিলে রক্ত পাত নানা গণে স্থোতন। বাদ্য করে বাদ্যকরে অভি ননোহর। জনকম্প কাছা ঢোল বাজিছে স্বন্ধর ৮ রণ শিঙ্গারণ তোল বাজিছে স্থস্বরে। যার বাদ্যে বীরগণ মহা দন্ত করে। उदेबार्थ माखिलक रेमनाधन मय। প্রলয় কালেতে যেন উথলে অর্ব। छान्न विख्त रेपमा एक करद धर्म । **শ্বার পশ্চাত্ভালে ইরান** রাজন 🛭 করি পরি আরোহিয়ে ইরান ভূপতি। চলিলেন মহাক্রোধে আত্মিয় সংহতি। रेमना अम्बर्क मिक इल अम्बरुति । •ঢাকিল রবির কর কি কহিব 'আর । নানা দেশ দেশান্তর অভিক্রম করে। উপনীত হল শেষে খুজান নগরে। সমাচার পত্র পেয়ে খু কানাধিপতি। रिमनाशर्य माकियारत मिल व्यसुमि ॥

#### প্রথম দিবদের যুদ্ধ।

মহাপতি, অনুমতি, বীরগণ পাইয়ে ধরি বাণ, থরশাণ, ওঠে সবে গজি যে ! কোন বীর, ধরি ভীর, দল করি কৃছিছে : **ठल अहे. मीख याहे, त्क ममत हाहिए । करके** चारतः चनतारतः स्कृते कित कुरश्रस्य कर कार्य, इडिलाय, यनि भन शास्त्राह ॥ ভাতি বতে, মম সনে ফে জীব্নে রুজিবে कोन कन, भारत वर्ग महिवादत शाहित्य । करा कि (मह (मह स्मृह्म) या मारित মারি ব্রাণ, লব প্রাণ, ভয় করি কাছারে। এত বলি, গেল চলি, সেনাগণ রুণেতে নার মার, বিনা আর, নাহি শুনি কর্ণেতে । রণ স্থলে, গুই দলে, মিশামিশি হইল। মারে বাণ, নাহি আণ, কেহ প্রাণ ত্যজিল। থেয়ে কিল, বুকে থিল, লাগি কেছ প্রিল ञूल हाहे, दल जाहे, এकि मात्र इहेल। क्टिक्स नाहि मझ, धत धत छाडे ता। शिन खान, नाहि जान, कन मां बाहे (त ।

### (इ.स्. टक्त इत्। शमन ।

**এই कार्य छुटे मत्त** इस महात्र । (इन काल (मर्थ) फिल तुक्रनीत्रव । নিশা আগমন কালে হয় ঘনী।ধুনি। বীরগণ শিবিরেতে চলিল অম্ন ॥ এখানে হোমুক নাজ করি মনোনীত প্রেয়সীর ভবনে হইল উপনীত ॥ निहिंगिरत आनिपाल नृष्यां निक्की। সমাদেৱে পাজনে বসাম বিভেটি क खाद्य बादश्व कब्र विदेश बाद्ध । मुष्ट्रस्त करह धनी मुकल नद्रम १ শুন হাদয়েশ এই দুঃখিনী কারণ। ইরানু পাতির **সহ হই**য়াছে রণ॥ ः আমার বিবাহ হেতু জনক আমার। ক্রেছিল ভাহার নিক্টে অঞ্চীকার। মম অসমতে হেতু হইয়াছে রণ ! বল দেখি প্রাণপতি করি কি এখন॥ শুনিয়ে হোমুজ কহে শুনে লাজে মরি! ছি ছি কেন ছেন কর্মা করিলে স্তব্দরি ॥ काल जान कत्त भीत युग्न त क

রাজার মহিষী হয়ে হতে কত সুগ কি করিব তব ভাগ্যে নাহি বিধুমুখি 🤋 अनित्य स्नुन्ती करा ছाड़ ठाउँ छन । রুদ্ধা হবে কেম্বে উপায় ভার বল ং শুনিলাম সে রাজন অতি বলবনে ' তবে বল ভার রণে রবে কার প্রাণ। তুই জনে অশ্ব পৃষ্ঠে আরোহণ করি: চল পলাইয়ে যাই দেশ পরিহরি । শুনিয়ে কুমার কয় সে কি স্কলেচেনে। ভূপেরে তাজিয়ে মোরা যাইব কেমনে 🗈 কংলি আমি বিনোদিনি বাইব সমরে। দেখিব ইরান পাতি কত বল ধরে॥ भृष्टर्खितक विनाभि व हेतारमत मल। দেখাটব সকলেরে মম বাছবল। গুনিয়ে ভয়েতে ধনী মুদিয়ে নয়ন গ বছমতে প্রাণনাথে করিল বারণ । কি কহিলে প্রাণনাথ কাঁপিতেছে দেই। ধরি পায় রসরায় ক্ষমা মোরে দেই। याहेटड ना पित तरन थाकिटड व खान। শুনেছি ইরান পতি অতি বলবান। শুনি যুবরাজ কছে কেন ভয় কর।

মাদ দর্ম্বাণ দেহ আমারে জানিতা গুরুক্ট বাদিনা তর লৈত্যেরে হবিয়ে 🗵 श्रीम तांशी तित्मानिमी इति १ इते । যুৱরাজে ধরুকীও দিলেন আনিবে 🖟 করে ধরি ধক্ষশব নবীন রাজন। নিশাচর সলিধানে করিলগামন দ রণবেশ ছোগ্রেজ্ দশন কবিরে। মহ্দেছে বৃদ্ধ তির উটিল প্রিছায়ে ও দেখি হয়েই শ্রান্য গইয়ে কুয়ার। তীক্ষ বাণ দিশাক্ষর করেন এইার। বালেতে কালিত অভি হয়ে নিশাল 🥫 জোধে উপাচিন এফ দির্ঘে ভরুবর 🗵 নিষ্পত্ত করিতে কৃষ্ণ ঘূরারো মারিল। এদি পথে যুব-বাজ কাটিয়ে ফেলিল।। পুনর্কার ক্রোধ ভরে ছফ্ট নিশাচর দ লইযে ভীষণ গদা খাইল সত্তর।। ধুবরাজ ক্রন্ধ অস্ত্র করিরে সন্ধান। রাক্ষদের গদা কাটি করে খান খান।। शमा कांछ। शिल यमि लाख संदायन ! कुमात छेलरत करत वांग वित्रवन ।। দৈত্যের যতেক অস্ত্র হোর্ম জ সুজন • তীক্ষ অস্ত্রে শীঘ্র তাহা করেন ছেদ্ম :।

ভাতির পুরিরে প্রন হ'লে পঞ্চরাণ। অর্ছ গড়ে নিশাচর করে থান থান।। ट्रिंग्ट्रिंट क्रिकार्टिक खान किएक खानशहर । কেং কারে নাহিপারে স্থান ছজনে দ राज्ञः अश्रद्धः ध्यम श्राष्ट् अनकान्। काँदक शांदक जान रहिंग। याम भगना।। হান ান করে দিনতে ভালস্কার শব্দ । ভাষেত্ত কাননবাদী হইল নিজেৰ।। (मै: (५ । में । भारत काल करह निवादण জলধরগণে গেন উঙ্গ গ্রাসন।। क्रेंबार्य (मेर्ट युक्त इस नहफर्ग। त्रक्षं तम्ताञ्चरत (यम क्रात्रिकः त्रव।। হতে ক্রোরেরর হোম্ফ স্কুম। ভাষা অস্ত্র শ্রাস্ত করিল যোজন। তাক: প্রিয়ে বাণ হরাই ছাড়িল। রাঞ্চাের মাথা ক্রি উমেটে প্রতিন দৈতেরে নিধন দেখি বস্বভী ধনী। আমন্দ লাগর নাবে ভুবিল অমনি ।। ধবি নাগরেব কর কুমার। তথান। উদ্যানে প্রেবেশ করে বিজ্ঞাম করি। ।। ক্লান্ত ছিল বসরাজ বাক্ষসের রণে। ক্রমেতে হইল শাস্ত সমীর সেবনে।।

ভোর**মূজের সহিত কুমারী**র গা**ফ**া বিভাহ ।

দিবকের অস্তাচলে করিল গমন उन्ह रहेल आ**नि** तकनी-दम्य । প্রণ্যিনী প্রিয়ত্মা বামিনীর সনে বার দিয়ে ধ্যিলেন সুখদ গগণে।। প্রনার্ভারসময় ন্রী**ন র**িচন , कार्यमीत नह करत जेलात उपन न्धार गत् धरल मिर्ड कुरूरगत गांवा। নানা ক্ষাতি পুষ্পা ভোৱে ভুগ্তিব ব'ল, একে মধুমাস কাহে নবীন যৌৱন। ভালে স্বধানত করে কর বালিষালা রুকে বাস প্রিক-কুল করিক্তেছে গান টি গুণ গুণ রবে ভুঙ্গ করে মধুপান ! মন্দ মন্দ বহিতেছে মলয় প্রবন। াঁতি-সহ বৃতিপতি করিছে ভ্রমণ।। कून-धन कून गांध कतिए मकान। দে ব্যাণেতে বিরহীর বাঁচে কি পরাণ ॥ একপ কানন তাহে যুবকের সঙ্গ।। ৰ্যাকুল হইল বালা মাভিল অন্ত্ৰ । অবশ হইল অঙ্গ না চলে চর্ণ। বিশেষ ব্যাকুল হল নিলন কারণ।।

অনতে দহিছে অস প্রবোধ না মানে। কটাকে স্বমুখী ঘন চাতে বধ্ পানে।। বুবতীঃ মন বুকি অমনি স্বরাম। গাস্ত্রকি বিধানে বিভাকরে রস্রাম॥

কুমারীর সহিত হোরমুজের বিহারোছে। ৬ গোরমুজের প্রতি কুমারী। উজি।

ক্রি লাভ রস্বাদ রমণীরে লইনে বসিলেন শ্ব্যাপ্ত শ্বে শ্রীবন্দ চুহিনে । ধুববর স্থানার কটিয়াস গরিরে। "রতি-র ব শ্বান ধীর মৃথ্যাদ হাসিরে। প্রিন্তন কর-পদ্ম কর পাথ্যে পরিষে। কৃথিকে লাগিল প্রী স্তিন্য করিয়ে।। ক্ষমা কর বসরাক অধীনীরে চাহিনে। ভাজি নহে কৃলি হবে যায় নাই বহিষে

কুমারীর প্রতি গোরমুক্তের উক্তি। বিধুমুখি হেন কথা কেমনেতে কবিলে। অনক্ষে দহিছে অঞ্জননে নাতি ভাবিলে। ্রে যে বিহার হেছু সঙ্কেত তে। করিয়ে তারে কেন ক্রপসি হে লাজে পুন ডুবিটিং

হোরগুজের এতি কুমারীর পুলোক্তি।
নবীনা রস্থী আমি তাহে কুল্বভী।
কছু নালি কানি আমি কারে বলে রবি।
বিশেন্ত নবীন ঘৌরন প্রাণুপতি।
কোমল শমল সম ক্মনীয় অভি।।
ধল করা বিধি নিয় হে রস্নিধান।
প্রকুল ক্মলে ব্যু কর মধুপান।

কুমারীর সহিত হোরমুজের বিহার।

স্থানরীর বাণী শুনি নাগর তথ্ন।
প্রেমন্ত্রস ব্যাগরেতে হইল মগন।
কপত্রীর মুখ শুণী করিতে চুখন।
তথ্যতিশে বুবরাজ চুম্বিরে বদনে।
করে পরোধর ধরি মাতিল মদনে।
মাতিল কপত্রী ধনী আর নাহি লাজু।
স্থারে লইরে সাধে গোপনীর কাজ।

নাক হল রতি রঞ্চ বসিল উটিযে। বৃতিসহ রতিপতি যায় গলাইমে।। রতাত্তে পালঞ্চে দলি বমণী বমণ। প্রেমারেশে করে দিহিছ ৪এম আ নাপন। **এই जारंश रूपग्री। लग्रे**श कांत्रिसी। কামর স করে ক্রীড়। বিষয় বামিনী। পাইয়ে মনের মত প্রাণ প্রিয়পতি। সুখের পয়োবি নীরে ভাসিল যুবতী। তিল আধ নাহি ছাঙ্ছে যুবকের সঙ্গ। মনোসাধে বিধুমুখী নিবারে অনঞ এইক্রসে ক্রমে বৎসরেক গত হয়। গোলবার হেতু বড় কু॰ রসময়।। ংমন্ত ২ইল অন্ত দেখিয়ে বসন্ত। , আইল অবনী পরে সহিত সামস্ত।

বদয় বর্ণন।
আইল সুখের বদয় কাল।
বিরহীর পক্ষে হইয়ে কাল।
মলয় অমিল বহিছে যত।
বিরহিণীগণে কাঁপিছে তত।
হালিছে মৃদন কুমুম বাণ।
বিরহীর ভার বাঁচান প্রাণ।

ভাকিতে কোকিল মধুর রবে। ক : গিছে বিবহী কৃত বা সৰে ৷ निवृध्य श्वार्थ निर्माण हैन्छू। উথলি উঠিছে প্রেমের নিক। ব্ধু নাহি ঘরে লেখে জাকুল। ন্ত্রতের নারে ভাগে ছকুল। উড়, উভ, সদ; করিছে মন। খাসিয়ে পাভিছে কটি বসমা नरीन भीवम छात्क अभारत। আত্ত্যে ক্রাপিছে বিরহী গণে॥ ফটিল কাননে বিবিধ ফুল। , দ্রিভেতে প্রান্ত করে আকুল !! ফুটিল কমল ভাতুর প্রিয়ে। মধ্লোতে অলি জুটিল গিয়ে।। ভূবন পুরিল নবীন ভাবে । **নংযোগী মোহিল বিয়োগী ভাবে** ॥ সৈনাগণ সব করিয়ে সাথ। উদয় হইল রতির নাথ।। সংযোগীর দাস সে রতিকান্ত। বিযোগীর প্রতি যেন কৃতান্ত। কুস্কুমের শর প্রহারি স্মর। আদায় করিছে পূর্কের কর।।

কোকিন ভ্রমর সহায় ভার: ফাকি দিতে সাধ্য মাহিক কার্।।

বসত্তে ইরাম নগরে সগার' প্রতি গোল वासद (शरमांकि। (अर्भ) श्रांत मश्चाबि, तल किर्म रेवशी विद्रा বসক্তে মাতিল সন কিনে প্রাণ ধরিব। নিকটে নাঁহিক কান্ধ, কে করিবে প্রাণ শাস্ কামের কুম্বম বালে, কেমনে বা তরিক कि करि छेलांय कल, अवले पित्रशासलः বন্ধন দশায় আর কও কাল রহিব। হাম থেকে প্রাণ যায়, কোথা গেল রসর ১০ যৌবনে মন্মথ ছাল। কত আর সহিব। चिथनि लिक्टिए मधु, निकटी नाहिक वंदू, কে করিত্র মধুপান ছুঃধ কারে কহিব। মদন হানিছে বাণ, জাতত্ত্বে কাপিছে প্রাণ, এ সুখ বসম্ভে সখি কার মুখ চাহিব।

গোলবামুর প্রতি সখীর উক্তি।

ধৈষ্ঠ্যধর ধনি জার করন। রোদন। অতি শীঘ্র ছুঃখ তব হইবে মোচন # দেখি তব মুনি মুখ কেটে নার ব্য ক্রায় বিনাণ হবে শ্ব মনোন্তথ দ প্রাণ্লাথ সমাচাব পেরেছে ভোমার দ নতি শীঘ্র আমি তন করিবে উদ্ধার দ ভোমার বিহনে সে কি সুথে আচে সাল কি করিবে বিধি বাম হইয়াছে অকি । দৈবের ও কথা পনি লেকে স্ব করে। বৈধ্যি বা

সংগ্র প্রতি গোলবারের পুনরুতি।

যা কাগলে সংচার সকলি প্রফাল।
কিন্তু প্রাণনাথ বিনে নাহি বহে প্রাণ।
বলেতে লইন্ডে চাহে ইরান ভূপতি।
হায় হাব কোথাৰ বহিল প্রাণপতি।
কোগা গোল মাতা পিতা তাজিরে আমারে।
হিন কেহ নাহি মম তন্ত্র করিবারে।।
কি করি উপায় স্থি বল না আমায়।
বিষম বিরহ আর সহ। নাহি যায়।
এত বলি বিধুমুখী করেন রোদম।
লাসিল নয়ন নীরে অক্কের বসন।।

#### বসন্তে প্রেয়সী বিরহে হোরমুক্তের বিহু†

हैनडा कुमातीत गर दार्स्न सूजन প্রেমের সাগারে সদা ভাসে অনুক্ষণ ন ব্রব্য ব্যক্তোদয় সূর্বনে হেরিয়ে। वित्भव गाञ्चल इन ८ ⊴श्रमी लाभितः। বলে হায় প্রেয়সীরে কেসনে পাইব বিষম বিবৃহানল কিনে নিকারিব ৷৷ হাম হাম ি যতম। প্রেয়সি আমের। দেকে প্রাণ নাহি রহে বিবহে ভোম'? এইকংপ রসরাজ করেন রোদন।। দেখিয়ে কুমারী অতি বিধাদিত মন विन एवं कारखत कत थित करह धनी। কি হেওঁ রোদন কর ওহে গুণমণি।। কি কারণে বিপুমুখ চইল মলিন। কেন কেন জীতাকের প্রভা হল হীন ।

ার মান । ক্ষেত্রমূত্রের প্রতি কুমারীর উক্তি।

র্ণক কহিব গুণবৃতী মনের বেদন। উদ্যু হইল মনে প্রেয়সী বদন॥ বিশেষ বসস্তোদয় হেরিয়ে ভুবনে '
দর্গছি ব্যাকুল জতি । প্রয়নী বিহনে ।।
শুন ছিল্রাজ-মুখি আমার লচন ।
ইরান নগরে আমি করিব গমন ।।
ভতএব প্রেয়মি হেদেহ ন। বিদাব ।
জতি শীষ্ট পুনবায় আসিব কেগ্যে ।।

কারমুলের প্রতি কুমারার উত্তি।
কাজে মরি কেমনে কহিলে রসরায়।
কারন থাকিতে নারি দিতে থে নিদ্ধান্ত নামার অবীনী আমি ওকে প্রাণপতি।
এবান্থ ও পাদপত্রে স্পিষাছি ।তি।।
তামা বিনে অনা নাহি কানি প্রাণধন।
স্পিষাছি জীপদেতে জীবন যৌবন।।
ওবে কান্থ অধীনীরে তাজিয়ে এখন।
কি হেতু ইবানে যাবে বলন। কারণ।

কুমারীর প্রতি হোরমুজের উক্তি। ৰূপানীর শিরোমণি খুজান নন্দিনী। ভামার বিহনে ধনী সদা বিঘাদিনী।।

ইরানাধি-প্রতি তাবে করিয়ে হরণ। লুকামে রেখেছে লয়ে আপন ভবন। সে অবলা রম্বীরে উদ্ধার করেও। ইরান নগরে অমি করিব গ্রমন।। অতথ্য সুধামুবি প্রকুল বয়ানে। অসুস্তি দেহ মোরে শাইতে ইরানে।

> হোরমুজের এতি কুমারীর পুনরুজি<sup>।</sup>

কেমনে কহিলে স্থা দারণ বচন।
তামারে বিদায় দিলে রবে কি জীবন।
তামি কণী ভূমি সণি ওহে রসরায়।
পর্ম কানে সমা মন কি কব কথায়।।
হায় হায় প্রাণনখা কি কহিব আর।
তোমার অভাবে প্রাণ রবে না আমার।
ভাবিয়ে ছিলাম নাথ স্কুজনের সহ।
প্রেম করি মনোস্থার রব অহরহ।।
বে সাথে বিশাদ মমা ঘটাইল বিধি।
তাই হে হারাই ভোমা হেন গুণনিধি।
থত বলি নাগরের ধরিয়ে চরণ।
মনোহংখে বিনোদিনী করেন রোদন।

কুমারীর এতি খোরমুক্তের
পুনকৃতি ।

প্রয়সীরে স্কাতন, করি দর্শন ।
বিনয়েতে রসরাজ ক্তেন তপন ।
বর্ধা ধর ধনি রাখ মিনতি আমার ।
অতিশীল্প এখানে তামির পুনর্কার ।
ভাতিশার নিল্ভ্র নে ইনান রাজ্য ।
ভারে ক্রিব তাব টাতি শাস্য ।

# হে বিষ্কুৰজন প্ৰতিভিত্ত বিশ্ব মুখক জিল

কি কথা কহিলে নাগ সনোহত্থে হাব।
একান্ত কি অধানীরে যাবে পারিছরি।
ভাল এক কথা আনি কিজানি তোমার
এই কি ত্রেনের ধর্ম ওহে রসরায়।।
রুগিয়াছ প্রেম বীজ না হতে অন্ধর।
কোথা যাবে রসরাজ হইয়ে নিষ্ঠুর।।
একাকিনী কানিনীরে রাপিয়ে কাননে।
বল বল প্রাণনাথ যাইবে কেমনে।।
নিজ্জন প্রদেশ এই নিবিড় কানন।
সর্বদা উন্মন্ত ভাবে জ্রমে দৈত্যগণ।।

কেমনে থাকিব আমি একাকি যুবতী।
দ্যা মাৰা তোমার কি নাহি প্রাণপতি।
মনঃপ্রাণ করিলাম । তামসগা।
গার করে সাপিলাম ও নও নৌবন।
বন্ধ কটলাম যাব প্রথেব চোরে।
গার কি উচিত যেতে ত্যাগ করি মোনে
আন্তব গুণমাণ কি ফহিব তার।
গাহ বা থাক বা লাহ। মনন তোমাব ।
বি লাকা হাইদ বাল কান্ধ বা লাহা
বি লাকা হাইদ বাল কান্ধ

কৈতোর ভবনে গোরমুজের স্থিত মন্ত্রীর মিলন।

এখানেতে মন্ত্রির হোর্ছ বিচনে। কাননে কাননে খৌজে লথে সৈনাগণে । কোন থানে হোর্জের তন্ত্র নাচি পাম। সর্ল্য ভ্রমণ করে পাগলের প্রায়। ভ্রমিতে ভ্রমিতে মন্ত্রী নিবিড় কাননে। সৈনা সহ উপনীত দৈত্যের ভ্রমে। নির্বিয়ে হোর্জিরে সচিব তথন। হাত বাড়াইয়ে যেন পাইন গগণ।।

ষতনে লইয়ে নাডে হোড়াজ যুজান জিজাসাকরেন ছতি মধুর বচনে : कह श्वतांक शित्य मृशं क्रिश्याः। এত দিন কোণা ছিলে কাহার ভবনে।। **ং ইয়ে ভো**মারে খারা ৯টে ট্রনাগণ তামারে খুক্তিয়ে ফিবি কাননে কানন।। 'বাধি জার্শিক মিলাইল তোমা ে ন ধনে। ক্রসুবর্জি (১४) জাইলে কেন্সনে। পুনিয়ে মন্ত্রীর বার্গা নবান রাজন। পুরুষপির কহিলেন সর বিদর্গ । ি র্থিয়ে হেণ্ড জের বদন ক্নজ। তুবিল সুধ্রের গাঁওর সামস্ত স্কল।। সেনীগণ ১৯মান**্দ** কয় **ধ্বনি** করে। নানা বর্ণে বাভা বাজে স্কুনধুর সুরে।।

<sup>া</sup>লবারর প্রতিইরান পতির সাধ্যস্থিন। ওহে দিজরাজ-মুখি ভুলিছে বদন।
ককবার এ অধীনে কর দরশন।।
তব প্রণয়ের পথে আমার এ মন।
উন্মন্ত বাবণ সম করিছে ভ্রমণ।।
মিলন অন্ধ্রশাঘাত করি শীত্রগতি।
বারণ সভৃশ মনে শাস্ত করে সতি।।

কেম হে ৰূপনি মনোজুংথেতে মজিয়ে।
সুৰ্গ বৰ্ণ কর কালি ভাবিয়ে ভাবিয়ে।
তাই বলি ধনি মোরে করিয়ে বরণ।
রাজ-রাণী হয়ে সুথে রহ অনুক্ষণ।
বাজ্ঞা পূর্ণ হবে পাবে জরণন আলি।
সকলের উপরে করিবে ঠাকুবালি।
প্রধানা মহিনী যত আছে হে আমার:
দাসী ভাবে শ্রীচরণ সেবিবে তোমার।
এ দাস রহিবে ক্রীত ও রাজা চরণে।
যুভাও তাপিত প্রাণ প্রেম আলিজনে।
ধন ক্র বিভব এ রাজা অধিকার।
ওহে দ্বিজর।জন্বথি সকলি তোমার।

ইরান পতির প্রতি গোলবায়ুর উক্তি।
কি কহিলে মহারাজ, শুনিয়ে হতেছে লাজ
অন্যের রমণী আমি জন্য জনে বরিব।
গোঁহারে সঁপেছি জন, সেই মম প্রিয়জন,
তোমারে বরিতে হলে বিষপানে মরিব।
হেথা হতে দূর হও, নহে দ্বির ভাবে রও,
কুলটা নহি গে তব বাক্যে আমি ভুলিব।
দুহি চাহি রাজা পন, মাঁহারে সঁপেছি মন,
াাইলে ভাঁহার দেখাশান্ত তবে হইব।।

বিনে সেই প্রিয়জন, কে জানিবে মহ সন, আমার ছুগ্রের কথা কারে আর কহিব। বিধি যদি দয়া করে, মিলায় সে প্রাচাধান তবেই হইব সুখী নচে প্রাণ ত্যজিব।

গোলবানুৰ প্ৰতি ইরান পতির
গুনকুজি।
গ্রাণাপ্রিয়ে আলি তব পরি জ্রীচরণ।
নিশ্র মদনানল করিয়ে মিলন।।
মমন সাধের ধন চৌবন রতন।
বিক্রেতে নন্ট কেন ার অকারণ।।
পাইযাছ সুগার্ম্য গোলনের ভার।
নুবক বিহীন হলে সক্রি অসার।।
কাণ্ডারী বিহনে গেন তুকালে তরণী।
তক্রপ যুবক বিনে যুব হী রমণী॥
ভাতথ্য বিশুমুখি সহাস্য ব্য়ানে।
একবার চেয়ে দেখা এ দিনের পানে।
একবার চেয়ে দেখা এ দিনের পানে।।

ইরান পতির প্রতি গোলবামুর পুনরুক্তি। ধিক্থিক্শত ধিক্তোমারে রাজ্ঞা। এখন দাঁড়ায়ে আছু আমার সদন।।

ভেবেছ কি হব আমি তোমার রমণী। **লে আশা**য় ছাই লাও ওচে নুপমণি । ঈপিয়াছি যার করে জীবন যেবন। প্রেম ভরে গাঁচারে দিয়াছি আলিজন । সেই মম প্রাণপতি জগত সংসাবে। সে জন বিহনে আর নাহি চাই কারে।। রাজ্যলোভ কিবা ভূমি দেখাও আমায় বারাঙ্গন। নহি আমি শুন নররায়।। মম আশা ত্যাগ করি করহ গমন শুগালে থেতে কি পারে সিংহের ভৌজন। এ আশা তোমার ভূপ । মনের প্রায়। তারে দেহ বাজ্য ধন যে তোমারে চায় । ভতিএব কেখা হতে করহ গমন। टाइनाही नहि जामि अनव हालन।।

গোলবামুর বাক্যে ইরান পত্তির মনোত্রঃখ।

শুনি প্রমদার বাণী ইরান ভূপতি।
চলিলেন নিজালয়ে মনোত্বংথে অতি॥
আদি আপনার বাসে ইরান রাজন।
কপসীর কপ মনে করেন চিন্তন।।

নিদ্রাহার পরিতাাগ করি নররায়। ৰূপদীর ৰূপ ভাবি করে হার হয়।। ৰূপদীর ৰূপে মন হইল মগন। কোন মতে আর তাহা না মানে বারণ ।: বলে হায় কামিনীরে কেমনে পাইব। দারুণ মদ্নান্ত কিলে নিবারিব।। কৰ্মিনী কঠিন অতি না চায় আমারে। ক্ষেমনে বাচিব তবে বিরুহ বিকারে 🕫 শুক্রেছি নারীর মন অত্যন্ত সরল। সে কথা কথাৰ কথা **২ইল কেবল**।। ৰূপের গৌরত মম গেল একেবারে। নারিলাম বশীভূত করিতে বালারে।। হাৰ হার প্রাণ যা**য় মদন বিকারে।** ্ক করি**বে পরিত্রা**ণ কহিব **কাহারে** ॥ এত ভাবি মনোতুঃথে সেই নবুরায়। দূতী এক পাঠাইল বুঝাতে বালায়।।

ইরান পতি কর্তৃক গোলবামুর নিকটে ছুতী প্রেরণ।

চুতী আসি হাসি হাসি যুবতীর প্রশে। স্বমধুর সূরে তাবে বিনয়েকে লাকে। কি কর বসিয়ে ধনি একাকি নিজ্জানে।
নয়ন কমল কেন ভাসিছে জীবনে ॥
আহা সার শশী সম প্রীন্তথ তোমাব।
কেন ধনি হইরাছে মলিন আকার ।
কি অমুথে মনোছুথে হে নব ললন।
ভোগনে হারছ কাল সুরূপ বলনা।।
ত চন্দ্রবদনি ধনি মিনতি জামার।
বল বল মনে কি হয়েছে ছাথ ভার।
কানে হয়েছে ভব সোণার বয়ণ।
কোনে হয়েছে ভব সোণার বয়ণ।
ভবশু এমন হলে স্লান। ছামায়।
ভবশু করিব আমি তাহার উপায়।

দূতীর প্রতি গোলবাত্বর উক্তি।
কি কলিই ওগো দূতী সরস বেদন।
ছঃখিনী আমার সম নাহি কোন জন।
বিরহে ভাসায়ে মোরে প্রাণেশ আমার।
কুমদেশে গেল কিরে নাহি এল আর।।
তদক্ষি কন্ধি আমি আছি গো এখানে।
এ সব সংবাদ প্রোণনাথ নাহি জানে।।
নাথের বিরহে সদা অন্তর দ্বলিছে।
ভাহে ফুলরাণ ফুল বাণেতে দহিছে।।

লোকিলের কুজনের প্রাণে বাঁচা জার জনর কাজারে প্রাণিশীতার আলান। কির্থিকে প্রশালী কান্ত প্রাড় সালে। কেল্লের ব্যক্তির তবে উল্লেব বিহনে। লাগের বিরক্তে আনে নার্থে জীবন। প্রালম্ম গ্রেম ব্রত হল উজ্জাপন। ভারি নার বিলেবিদ্যাক্রের ব্যন।

বিল্যালি নান প্তার প্রকাজ।
বিলয়খি জার লুমি বরলা রোদন।
হরান প্রতির সহ করাব নিলন ।
শতশার রূপবান ইরান রাজন।
সুথকে লেখেছ লেন সাক্ষাত্রদন।।
গুলের নার্হিক দীনা স্কু মিক অতি।
উভয়ে মিনিবে সেন লভি রহিপতি।
রুখা কেন নতী কর গৌরন রতন।
রাজ-রাণী হও ভূপে করিয়ে বরণ।।
প্রিনে অপার সুখ হে নব ললন।।
রুখায় যৌবন ধন বিনষ্ট করনা।।

## দূতীর প্রতি গোলবারুর উত্তর।

ভজিত ইবাৰ লগে ডাজি প্ৰাণ**কাতে** : হায় হায় এতি কেন না জন ক্তাতে। ্ষই মম ল্রোণ-পর্বত জানি (১) একাছে : স্পিয়াছি গ্রাণ মন তাব পদ গ্রান্তে : আসিয়াছ বুবি চুতি মম নন জানেঃ সে বিনে অনোরে মন ন*ি* গ্রে ভ্রান্থে। কি স্থ। বহিলে চুতি হ'ং। দিলে মধ্যে । অন্য পতি রভ তলে সহিবে কি ধর্মে 🗵 যে ধন্মে রমণী কুল মান্য **ত্রিসংস্**রে : সে ধ্যে বঞ্চিত হতে বুলহ আমাৰে । শ্যান্তের বচন কেনছি অবংগ। প্রাণপতি ভাজি যদি ভজে অন্য জনে। ইই লোকে অপ্যাশ ঘোষে অনিবার। পরলোকে এই পাপে নাহিক নিস্তার।। অতথ্ৰ শুন দূতি আমার বচন। সে আশার আশা ভাজি করহ গমন। ভজিব ইরান নাজে ভেবেছ কি **তাই**। দূর হও হেথা হতে তোর মুখে ছাই।। .পুমর্কার হেন কথা যদি বল মোরে। এখনি উচিত শাস্তি দিব আমি তোরে।।

হুতী মুখে গো¦াবানুর জনশাতি ৯a: ইরাম পতির আক্ষেপ। শুনিয়ে বালার নাণী দুভী মনেছে: 🕆 উপ মীত হল নরপতির স্ফুটেখ।। বিনয়ে ভূপের প্রতিকরে নিকেদন। থবভা কোলাৰে নাহি চায় হে রাজন । বি≁ং করিংখ কত ক্রিলাম তায় ⊹ ত্রাদি মে বসবতী না দাব কোনায়।। कात्र हा रिश्वपूरी बजूर के भाग ্ৰাপিত বিনা নাহি চাহে অন্য জন ব ভনিয়ে দুভীর মুখে একপা বচন। বিষয় হইল অতি ইরান রাজন।। বলে দৃতি কি কহিলে হার হার হায়। স্ক্রধান্ত্র সে যুৱতী না চাহে সামার।। কি করি উপাধ চুতি **বলনা এখন।** কেমনে তাহার সহ হইতে সিলন।। দারণ অনক্ষে অঞ্চ করিছে দহন। বিনে সে মিলন বারি নহে নিবারণ । ধিক্ধিক্রূপে আর গে: 'বে আমার ৷ সুলাতে নারিত্ব মন অবল। বালার ॥ দূতী কহে মহারাজ কি কহিব আর তব লাগি লাভ মম হল তিরকার।।

কত কহিলাম আমি ব্যাইয়ে তাই । শুনি কত কটুউজি ক্ৰিল আমায় ।। অতথ্য তাল আশা ছাডি নবৰৰ। কেৰ্মা ধ্ৰি মনো নদ্ধ লাফকাৰ্য কৰ ।

मधीत बन्न, कतिरस टा १५, ইরান রাজন, কাত্রে কছে। ায় হায় হাৰ, কৰি কি উপায়, माक्र वितर आहा ना भटना कि करा रहर रा विव वहन অরিল দশন, আমরি মরি। उत्यं भन, इन छेन्छिन, नदर निवादन, वन दि कृति॥ अ हूडि नलना, कति कि इलना, (म थांश ललगा, इत्व आंभात्। সে ধনীর সনে, প্রেম আলাপ্রেন বিরহ সাগরে হব কি পার।। निष्य युवडी, इत सम প্রতি, বিনা প্রাণপ্রতি, না চাম্ন কারে। **७८व कि** कतिरान, देवत्रय शतिरान, বাঁচিৰ বলনা মার বিকারে॥

শ্রেমুজের রণবেশে দৈতোর ভবন হইতে ইবান নগরে আগমন। এখানেতে গুণময় হোর্ম্ জ স্ক্রীর। मित्रिमर्य करह कर धर्ति (अस्ति है।। স্থায়খি হাক মুখে কন্থ বিদায়। সত্বরে আসিব পুন লইয়ে প্রিয়াব।। গোষার রক্ষার হেডু প্রাণ্ধিকে প্রিয়ে। যাই আমি হক্তিবে তথানে রাখিরে।। অতি শীব এখানে ক্রিয়ে তাগমন। <mark>মিলন সলিলে ৬ৰ বৃজ সাজীবন ।।</mark> শুনিষে পতির বালী মনোতঃখে ধনী: मित्र निर्देश होति खन १९०५ वि ।। একান্ত হে কান্ত যদি করিবে গমন। मोगी वर्ल मत्न रहथ अझे निरवनन ॥ शृंतिल न। मधा मम त्योवत्नव सूध। ফিরে এস যৌবন গাকিতে বিধুরুখ।। শুনিয়ে বালার বাণী হোরু জ তখন। প্রিয় ভাবে প্রেয়সীরে সবিনয়ে কন। रिथर्ग थत जित्स जात कत ना त्रापन। অতি শীব্র আসি পুন করিব মিলন।। এত বলি এবে।ধিয়ে প্রেয়দী রতনে।

মদ্রিবরে রাখিলেন তাহার রক্ষণে।।

পর দিন প্রভাতে উঠিয়ে মরপতি। সেনাগণে সাজিবারে দিল অনুমন্তি।। পেয়ে যত কীরণণ ভ্গের **আদেশ**। ম্বোসারে করে স্বে সংগ্রামের বেশ ।। পাজিল অসংখ্য সৈন্য কে করে গ্রহন। পুষ্ট লক্ষ রথী সাজে হাতে শ্রাসন।। সারি লক পদাতিক <mark>দেন। খু</mark>ল ধরি। ছুই লক্ষ তুরজন ভিন্দুলক করি।। মত্রেতে প্রাক্রান্ট্রী কবিছে গ্রাম শাল্ভ **সমরে** সেওকুরু মৈনাগণ । দানা বৰ্ণে বাস্তা বাজে অভি মনোচর। জগরাক্ষ কৃত্যি চোল বাজিছে বিস্তর ।। রং শিঞ্চা রণ চোল তালিছে সমবে। যার শব্দে বীরগণ মহা দম্ভ করে। ध्हेंकरः। गाणित्वक त्न्नाभः न्त । श्रमश कारनरा (गम जिथरता जर्ब।। অত্রে রথোপরি ধার হোমুজ সুজন। যেনাপতি গণ করে পশ্চাতে গ্রমন।। কত দিনে ইরান নগরে উত্তরিয়ে। রহিল হোমুজ তথা শিবির করিষে 🗵

## ইরাম ভূপতিক প্রতি হোরন্থে। গাড় ভোগে।

概率等的"indication" 网络罗尔斯 不不可 ত্র মূল নিৰ্দ্ধ মা করি বুল না ুল (হারণা) ভার ২ (১১) সালে ৯ ছি এর 😘 ১১ এক ৰাণ্ডিয়া সংগ্ৰহ বিশ্বেষ্টিয়া 💢 🗽 কৰি ভাগে প্ৰাণ্ডল কৰি ভাষ প্ৰায়ক। . मार्थे क्रिया र एक्ट साहर के क्रोसिस **.** মার্লাক্র ভারসাঁ অব্যান্ত্র দর্য ক্রেন্সে স্বর্থকার 一切化品的不用产品的多层型子儿 • भ काम्हर गाहि । १६५ के लिए में १००५ REMODERATION TO FOREST MAN. ল'ন ভালিন্ত আলেব, বানে ছবিন্ত আপেস, इय रहा १ जन राष्ट्री नोमहत्त्व द्वार । ाति गणि हतः जाते. हासि गार्डि वर्ट्स जात. काम संकित्न युनको (अस्त्री आयाह) धूमि १६८३ त्रांचन । एमि १६८३ त्रास्त স্পেরে ধরিতে চাও করিয়ে কেমন। भव यभि छा ६ त्रांस. अल यमि हा ७ तार

্থামনি জানিয়ে দেহ আমার প্রিয়ান নহে বিপাদ বটিবে, নহে বিগাদ ফ্রীনের আমার পদার ঘার সকলেশ মরিবে । . .

হোরমুজের পত্র প্রাণ্ডি মাত্র ইরান প্রির বণ সজ্জা। এইবাপে পত্ৰ লিখি হোমুজ বুজন। করিলেন দুত দিয়ে মন্তরে প্রেরণ। 🚜 ত 💌 নি শীগ্রগতি নূপারি গোচরে। भार ममर्भन करत जिंछ ममानरत ॥ নরগতি পত্র পড়ি কোধে হুতাশন। ाष्ट्रिय छेठिन करत नरा गतागर।। দাজ সাজ বলি ভূপ করিল আদেশ। সাজিল অসংখ্য দৈন্য ধরি রণ বেশ।। আগুদলে সেনাপতি চলে জগণন। পশ্চাতে ইরান পতি সহ মন্ত্রীগণ।। হয় হন্ত্রী পদাত্তিক গণনা না যার। - চলি**ল ইরান বৈন্য সমুদ্রে**র গ্রায়।। জত্রেতে প্রাকাণারী করিছে গমন। শ্বেত রক্ত নীল নানা বর্ণে সুশোভন।। এইবপে সৈন্য লয়ে ইরান রাজন। द्राभू देशत देगना भएता मिल मत्रभन ।।

# छेन्य **मत्लार गुका**त ५ : -

यश द्राप्ट कर्ति ज्ञान । स्थित् के वी: পশিল সময়ে অতি সিভঁধ শ্রীর চ নিংখিয়ে হোনমূজে ইনান র'লন ৷ অভিলেম ক্রেপিডরে লগে শ্রাসন। रिशासिश हुई जात इकेत म आभ প্রাপ্ত যেন লক্ষাপ্ত রারণ শ্রীরাম ৷: ম্ম খল সি হনদে করে ছুই লম : কোৰ ভৱে করে 📲 ে ৰাণ হরিষণ দ : हेन ख्यूल रुफ़ा के; दाश दर्शन : উভয়ের বজু গৈন্য হইল নিখন !! वन्ति क्लाम कपत् का भारतन्त्र मंद्र ভ্রেতে নগর বাসী হইল নিভ্রা পড়িল অনেক গৈন্য রক্তে ননী **বহে**। .দথি হোমু জের মন ক্রোধানলে দ**ং**হ 🙃 র্থ হতে লক্ষ্য দিয়ে প্রজি মহা বীর: ধাইল লইয়ে গদা নিভ্য় শ্রীর॥ मातिय अपनक रेमना रहामू क ताकन। রক্ষা করিবারে নারে সেনাপতি গণ।। হোরমুক্তে দেখি স্বে শ্মন সমান । ত্যেতে পলায় শীঘ্র লইবে পরাণ।।

দৈনা ভল দেখি তবে ইথান গ্ৰাহ্ম । আই: । ত্রাধ ডারে আ্ ক্রম্ম।। সন্ধান পুরিয়ে ভূগে মারে দশ বা ।। হোরু জেব গল কার্টি করে খান থান।। গৰা শুলি কাট। পেল ক্রোমে ব্রাপ্তবর । রুপে চড়ি ভাইতোন করে পরুংশর ।। দন্ধান পুরিয়ে মারে ত্রাক্ষ তীক্ষ বংগ। ইবান ভূপতি সঞ্কলে খানখান।। ৰাণ ৰাৰ্থ দেখি। হবে হোমু জ বাজন। কোপে ভাল অস্থ ক্যে পুরুকে যোজন।। এড়িল ৫**ড**ার বাণ পুরিষে **সন্ধান।** ভূপতির ধরু কাটি করে খান খান।। चात पर लए भीत करत महा तन। সে ধমুও কাটিলেন হোমুজ রাজন।। অষ্ঠিচন্দ্র বাণ পুন করিয়ে সন্দান। ভূপতির মাগা কাচি করে ৬ই খান। পজিল ইরান ভূপ হোম জের রণে। দেখি পলাইয়ে শায় হত সৈনাগণে।। হোমু জেরে দেখি কাল শমন সমান। পলাইয়ে ৰাম সৰে লইয়ে পারাণ।। রণ জিনি যুবরাজ প্রফুল বদনে। कांत्रि विजिद्यान हेतारनत जिश्होजरन ॥

ইয়ান ভূপতির মৃত্যু এবংগ নাম্বর বিলাপা

হাৰ হায় প্ৰশ্ৰনাথ, ধনে করি বাছপাতে। সমক্ষেত্ৰ ভাজিলে জীবন।

শভা হল বল্পন, ব্লিড ডোমার জান

निस इन इस्ति भन्न ॥

স্পুর্ব লিউজ বন্ধ, কোষ**া গেলে বি**পূর্ব

वर्गकोत्र महिद्य इक्सो।

ে বেছি চার্থ হিলেন চাহি জানে এ নর্গনের তবে কোন ত্যজিলো যলনা ।।

শ্য হাণ । বিনিনি ( ভিন্নাবালে দুংবের নাবের প্রাণালয়ে ভাবিত্যে প্রিনা

ন, হল মরণ নম, মারল সে প্রিয়ক্**ম,** বিধাতার একি বিভয়ন।

বিদা প্রাণ ত্রিগ্রন্তি, নারীর নাহিক গতি,

পতি বিনে বাঁচে কি মহিলে।

সারে বিধি নিদারুশ, হরে কেন সুবিগুণ, অবলারে এত চুঃখ দিলে।

মহিষীর পতি-শোকে তন্ন ত্যাগ। এইকপে কাঁদে সতী পর্তির নিধনে। কর কর বহে জল কমল নুষ্কনে।

ক দিতে কাদিতে সতী পাগলের প্রায **डेशनीड रल** लानि आराम ग्यास । দেখিলেন রণস্তাল প্রতিপ্রাণা সতী । ভিন্ন ুও পাতে আছে এল প্রিয়পতি ।। পোয় সিবের পালন্তর করিবে ধারণ। কহিতে লাগিল ধনী ক্রিয়ে বোদন।। 35 35 थापनाव (म.त माधा थाउ। অসময়ে ধর্মিনে ক্র্নিন্ত; মাওন একবার কৃষ্ণা কহ ভূলে শশিনুষ। युट्ट योक खंडावीत अस्ट्रेंत छुट ॥ একবার গ্রাননাথ বসলা উঠিয়ে। বুড়াই তাপিত প্রাণ সম্ভাষ করিষে 🛭 একবার দেখ নাথ অবলা বালায। ওঠ ওঠ ত্রিয়তম কি হেতু ধুলায়।। ্কমনীয় কান্তি ভব অতি মনোহর। দুলার এ নহে যোগ্য ওঠ প্রাণেশ্বর ।। একবার দেখ নাথ নয়ন মেলিয়ে। কাদিছে প্রেয়নী তব চরণে ধরিয়ে।। কেন হে নিদয় হলে না দেহ উত্তর। ষ্বীনী এত কি তব হইয়াছে পর।। হায় রে শূমন তোর কঠিন হৃদয়। কেমনে হরিলি নাথে হইয়ে নিদয়॥

সংক্রে বিধি হবে লয়ে আমাব প্রাথেশ : বৈধৰা যন্ত্ৰণ দিলি ভক্তৰ বয়েলে। এইরূপে শেকে সতী ক্যেন লোদন তিরশ হইল ক্রেমে **অক্সের** বরণ চ শ্কাইবে বিধন্ধ ইইল মলিন। ফার্ডা কামিনী যেন বারি হান মীন ৮ অর কর ছুন্রনে বহে শেক হল। धर\* कडेल उत्तर हेस्स्यि मकल ॥ बिन्ध्य । इति वित्र क्रिसिन् एयस। भां छल ४वनी भदि इंक्टि**स न्यन**॥ মাধাময ক্লেবর পতিয়ে রহিল : দেহ ছেছে প্রাণ পালী উভিৱে চলিল। প্রতিষ্ঠ প্রেটিক প্রতিষ্ঠ ক্রিক্তির জীবন। সুবপুরে ভিয় সং কলিল মিলন ।। পুৰকাসিগণ সৰ শোকেতে মজিল। ऐडएपर **भारक मत्व क्यांमिटड ला**जिल् ॥ এখালেতে গোলনাহ করিল শ্রবণ। হয়েছে ইরানপতি সংগ্রামে নিধন।। বসিয়াছে প্র<sup>া</sup> নাথ রন্তসিংহাসনে। नथी अंडि कर्द्ध भनी श्रुकृत्न दमरन ॥

ভাজি কি সুখের দিন আমার যালনি। আদিবেন মোর কাছে কান্ত গুণুমণি।। বস্তু দিন পাবে আতি পাব প্রাণধন। চইবে । দাঁকের ট্রিল স্কোরে মিল্ন 👵 श्रापनाथ वित्य गर्ने खर्म सम्ब পর্ম জানে যের্থ করেছে শ্রেছে শ্রেছে। পাইয়াছি হত ক্লেশ জ লালে জাহার। রছন ক্রো∍ যত বিব্যুহর ভার **৭** হ্যাজি প্রাণ্ডাৎ সহ ক্রিয়ে মিল্ন ; क्तिर व पहुम्य द्वास निराद्यण । **অতথ্য** সংচ্ঠিমন **ব**্রাধ্র। মন্ত্রে বাস্থ্ বজ্জা কুর্ম্জ্জত কর ।। १७ विता । त्यामिनी अकुल तम्दन। জাপদার কেশ ভূষা করেন যতনে।।

গোলসামূর সক্ষা।
বিনায়ে বিলোদ বেণী কবরী বাঁধিল।
বকুলের মালা তাতে জড়াইরে দিল।
মস্তব্যে সিন্দৃত দিল উজ্জ্বল করিয়ে।।
ভরুণ অরুণ যেন উদয় আসিয়ে।।
নাসাপ ৰপসী কিবা বেশর পরিল।
সমীরণ ভরে ভাহা ছলিতে লাগিল।।

কৰেছে পশিল ধনী কৃষ্ণৰ সোণার। কি কৰ তাহার শোভা অভি চমংকাৰ : আটিয়ে পৰিল ধনী অপুৰু কাচলি ভছুপ্রি প্রিলেন হেম হার্যিলি 🕆 পরিল দোপার চিক হীরকে জড়িত -মারি কিব: শোভা করে যেমন জাঁতং : সুসণ বল্ধ ধনী প্রিলেন করে। যানৰ উপৰে কিব, কুল শোভা করে।। ক্ষণ পরিল খাতে জড়িত হীরায়। মদনের মন মোধে তাহার শোভায় । भरमाञ्च भन वनी हत्रत अदिल । চালতে মধুর সুরে ব্যক্তিতে লাখিল।। যত্তে শ্লাফ্য পরিল কামিনী। লজধৰ কোলে খেল খেলায় দামিলী। भाक्ति बलभी धनी मत्नाहत नाला। শীয়াবে যুবতী বুঝি আজি স্মরদালে ও

সধী কর্ত্তৃক বাসক সজ্জ। ও গোল-বাসুর উৎকর্মা।

সহচরী সুস্তুরীর তুষিবারে মন। সাজায় যতন করি বাসক ভবন।

कुरूम कोनन १८७ कुरूम चुनि द्यः। বিনি স্থতে মাল। গাঁথে বির্লে বনিয়ে।। ফুলের করিল শয়াা ফুলের বাজন। कृत्वत मनाति करत कृत्वत जृष्य।। कुल पिरा प्राकारिन नामक उत्तर। হেরিলে হরয়ে চিত মোহে যুনি মন।। হেরি বাসরের শোভা স্কুন্দরী মোহিল। মেই ছলে রতিপতি বাণ প্রহারিল ।। অস্থ্রির ইইবে ধনী মদনের শরে। কহিতে লাগিল তবে অতি ক্রোধ ভরে।। আরে রে মদন তোরে আর কিবা ভয়। আজি হবে হ্লদে কান্ত চাঁদের উদয়।। আর কি তোমারে ভয় করি রতিকান্ত। প্রণয় ব্রতের আজি হবে দক্ষিণাস্ত। ক্ষণকাল স্থির হও ওহে পঞ্চশর। করে করে দিব আজি রসরঙ্গ কর # এত বলি বাহিরে আসিয়ে রসবর্তী। দেখিল গগণে আছে নলিনীর পতি 🛭 शूनकीत स्वननी প্রবেশিয়ে घतः। বৈসিল বিষয় মনে ধরণী উপরে।। পুনর্কার বিনোদিনী বাহিরে আসিয়ে। দিনমণি প্রতি কহে বিনয় করিয়ে॥

আজি শীপ্ত অতে যাও নলিনীর বনু।
মনোসাধে পান করিব রে প্রেম মধু।
বছ নিন ভৃষ্ণাভুর আছে মম প্রাণ।
আজি স্থথে করিব মিলন স্থাপান।।
শীপ্র আসি সমুদিত হক নিশাকর।
নিবাই বিরহানল লথে প্রাণেশর।।
বছ দিন নাহি হেরি কান্তের বদন।
দেখিয়ে যুড়াব আজি তাপিত নয়ন।।
পাতএব দিনপতি মম নিবেদন।
পাতিম অচলে শীপ্ত করহ প্রমন।।

গোলবান্ন ও হোরমুজের প্রস্পার মিলন।

অন্তাদলে দিননাথ করিল গমন।
জীবনে নলিনী সতী মুদিল নয়ন।।
উদয় হইল আসি রজনীর পতি।
ভাসিল সুখের নীরে কুমুদিনী সভী।।
প্রাণকান্তে একান্তে করিয়ে দরশন।
ভাসিল সলিল পরে মেলিয়ে নয়ন।।
তথ্য হিল ভূমগুল দিনকর করে।
সুধাকর স্থিক করে সুশীতল করে।

হেন কালে রম্পীমোহন রুসময়। হ**ইলেন** ভারিনীর ভরনে উদয়।। নির্থিয়ে প্রাণনাথে রুস্বতী ধনী। সুখের পয়োধিনীরে ভাষিল অমনি 🛭 বিনয়ে ক্রন্তের প্রতি বিন্যোদিনী কয় : এস এস স্থা আজি কি ভাগা উদয়।। গাইব ভোমার দেখা ছিল নাকে; মনে। বিধি আজি মিলাইল ভোমা হেন ধনে 🛪 অধীনীর দশা স্থা কর দর্শন। কেবল তোমার আশে আছে ৫ জীবন।। অস্তি চর্মা অবশেষ বিরহে তোমার। কণ্ঠায় রয়েছে প্রাণ কি কহিব আর ।। সতত অনঙ্গ ফণী করেছে দংশন। তোমা বিনে সে স্থালা কে করে নিবারণ।। ংরিরে শরদ শশী ওহে প্রাণধন। সর্কদা পড়িত মনে ও বিধু বদন।। জমনি ভাসিত দেহ নয়ন জীবনে। সহজে অবলা ধৈৰ্য্য ধরি হে কেমনে 🔢 যুখন লাগিত অক্সে মলয় প্রন। গরল সহসা বোধ হইত তথ্ন।। কোর্কিলের কুছরবে প্রাণে বাঁচা ভার। অবলা সরলা নারী বল কত সবে।।

নিদর নিষ্ঠার অতি পুরুষের মন। এইৰপে অবলাৱে করে স্থালাতন করে শশধর দেয় প্রথম মিলনে। পরেতে সে ভাব আর নাহি থাকে মনে। বমণীর সার ধন যৌবন লুটিয়ে। পিরীতি ভাঙ্গিয়ে শেষে যায় পলাইয়ে গ ছি ছি ছি প্রেম করি এ পুরুষ সনে। বল দেখি দখা সুখী কে আছে ভুবনে।। .দখ রযুবর বীর রঞ্জ বচনে। গভৰতী প্ৰেয়সীরে দিলেন কাননে। कात त्मथ वःशीवाती श्रीनम्म नम्मन। গোপিকার প্রাণপতি ত্রীবাধারমণ।। হাঁহার চরিত্র শুনে থাকিবে শ্রবণে। কত দুঃখ দিয়ে ছিল ব্ৰক্ষ গোপীগণে।। ধিক্ধিক্প্রাণ স্থা নারীর জীবনে। কানিয়ে শুনিয়ে তবু মজে হেন জনে।। শুনিয়ে প্রিয়ার বাণী কহে রসরায়। অনর্থক কেন দোষী করহ আমায় ।৷ অমার বচন শুন হে নব ললন।। পাইয়াছি তব লাগি অনেক যন্ত্ৰণা ॥ হয়েছি কাতর জতি বিরহে ভোমার । মিলন সলিলে প্রাণ যুড়াও আমার।

শুনিয়ে নাখের বাণী হরিষে স্কন্দরী। মিলন করিল প্রাণনাথ গলে ধরি।। প্রিয়বর গলে লামা ধরিয়ে হতনে। निवास विवद्यानल सूथम विवदम ।। Cअमारवर्ग (एर्भ :काँट्र (केंग्स्) इं तमम १ ভিজিল ময়ন নীরে অঙ্গের বসন।। পরে বিনোদিনী ধরি সুকাত্তের করে। প্রেমাবেশে বসিলেন পালন্ধ উপরে।। **সখী**রে যোগায় আনি নানা উপহার। কৌজুকে দম্পতি করে সুখেতে আহার॥ ভোজনান্তে উভয়েতে হয়ে রুষ্ট মন। নানা রক্ষে ভঙ্গে করে প্রেম আলাপন।। ছুজনে মদনে মন্ত দেখি স্থীগণ। পदााईन शृश छाजि एक्तिस वसन ॥

বিহার।
প্রেরনীরে নিজ্জনে পাইয়ে রসরায়।
করে ধরি কুমারীরে যতনে বদায়॥
প্রমদার য়থ শশী করিতে চুয়ন।
শীহরিল কলেবর মাতিল মদন।।
বালা কর ধরে ধীর বিহার কারণে।
কহিতে লামিল ধনী সহাস্য বদনে।।

ও কি কর নটবর কর ছেভে দাও প্রায়েছ যার আশ তার কাছে যাও 🛚 কি সুখ পাইবে নাথ মম আলিঙ্গনে। অধিক হইবে সুখী তাহার মিলনে 🛚 এত দিন যার প্রেমে মজাইলে মন। তার কাছে যাও নাথ যুড়াতে জীবন ৪ ৰূপবতী স্থবসিকা সে নারী রভন। প্রেম রুসে প্রিয় তব ওুষিত্বে হে মন 🗓 এত বলি বিনোদিনী মৌনেতে রহিল। বিনয়েতে রসরাজ কহিতে লাগিল।। লাজে মরি প্রেয়সি হে কহিলে কেমনে তব প্রেমে মুশ্ধ আনি জাগ্রত সুপনে।। তোমার প্রেমের দায় ওরে প্রাণধন। সুবংশে ইরান পভি হইল নিধন।। তোমার বিরহ বিষে **হয়ে ত্বালাত**ন। ভ্ৰমিয়াছি কত দেশ পৰ্কত কানন।। কত কষ্টে ইরানেরে করিয়ে নিধন। আদিয়াছি প্ৰিয়ে আজি যুড়াতে জীবন। রোঘ বশ যদি আজি হলে বরাননে। পুনর্কার যাই তবে নিবিড় কাননে।। প্রিয়ের বচনে ধনী মোহিত হইল। মনোজের রুসে মন নিতান্ত মজিল ॥

প্রেমাবেশে বিনোদিনী লই য়ে নাগরে।
মনোসাধ পুরে ভাসে স্থারের সাগরে।
বিরহ অনল ছিল হইরে প্রবল।
মিলন স্থারে নীরে করিল শীতন।
বিহার করয়ে দোহে অপুর্ন পালকে।
বজনী হইল সাস অনস প্রসাসে।
প্রভাত হইল যদি সুথের যামিনী।
অসুধ সাগরে ডোবে কুমাব কামিনী।
প্রস্বলী ছুখিনী ভাতি নাগর বিহনে।
পক্ষজিনী স্থাথে ভাসে সর্সী জীবনে।
ব্যামন সময়ে তবে রসিক নাগর।
রাজকার্য্যে চলিলেন চুঃখিত অন্তর।
এইরপে কিছুকাল হোমুজ তথার।
বিহার করেন সুথে লইয়ে প্রিয়ার।

ক্লম দেশে হোরমুজ বিরহে মহিধীর আক্ষেপ।

श्रीरनरक क्रम-रमत्म रहामू क कननी।
रहामू क विश्तन कार्रम मियम तकनी।।
कार्मिएस करहन विधि ।।
राष्ट्र मिरस भून श्रत निनि रहन निधि।।

হায় হায় প্রেমাধার প্রাণের রতন। জননীরে তাজি কোথা করিলে গমন।! স্থিনীরে দেখা দেহ ওরে বাপ ধন। ষ্ঠিতে না পারি তোর বিয়োগ বেদন।। আহা মরি গুলুধার তন্য় আমার। জননি বলিয়ে ডাকে হেন নাহি আর ॥ ওরে বাছা একবার করি আগমন। শ্লনান বলিষে তাক যুড়াক জীৱন।। ৫৫ মহারাজ তুমি বলনা কেম**নে।** নিশ্চিত্র রয়েছ প্রাণ তন্য বিহনে।। শংসারের মার ধন বিনে সে নন্দন। কি সুখ হইবে আর রাখিয়ে জীবন।। বছ দিন হল সুতে হইয়াছি হারা। কেঁদে কেঁদে স্থির হল নয়**নের ভার**।।। কোথ। গেল প্রাণধন তনয় আমার। হাহার বিহনে প্রাণ রাধা হল ভার ।। কি করি উপায় নাথ বলনা আমার। আর কি সে প্রাণ ধনে পাব পুনরায়।। ষ্পার কি হইবে মম সোভাগ্য এমন। তনরেরে কোলে করি যুড়াব জীবন।। সার কি হইব সুখী সে মুখ চুম্বিয়ে। সার কি ডাকিবে মোরে জননী বলিরে।। আর কি স্নেংতে তারে করাব ভোজন।
হার হার কোথা গেল প্রাণের নন্দন।
এইরপে কাঁদে সদা হোরুজ জননী।
সাপিনী ব্যাক্ল যেন হারাইয়ে মণি।।
কবি কহে ধৈর্য্য ধর সমর রোদন।
বধু সহ নীয়ে পাবে প্রাণের নন্দন।

## ংশরমুজ বিরকে দৈতা নন্দিনীর বিলাপ।

এখানে কানন মধ্যে দৈত্যের নন্দিনী
মণিহার। কণি প্রায় সদা বিষাদিনী।।
কপালে কক্ষণ হানি করেন রোদন।
অধীরা হইল ধীরা নাথের কারণ।।
একেত নবীনা তাহে ভূতন প্রণয়।
ছত্ত করে প্রাণ মন বিনে রসময়।।
না জানে ৰূপসী ধনী বিরহ বেদন।
পুরুষের সহ এই প্রথম নিলন।।
নব রসে ৰূপসীর রসেছে অন্তর।
কেমনে ধরিবে ধৈর্য্য বিহনে নার্মর।।
ধর্মকিনী গুণবতী খাঁকিয়ে কাননে।
দারণ বিরহ সহা করেন জীবনে।

বলে হায় আমার হইল একি দায়। প্রিয়তম প্রাণপতি রহিল কোখায়।। বুরায় আদিব বলি প্রাণেশ আমার বকু দিন ধেল ফিরে নাহি এল আর।। আগেতে কি জানি আহি প্রণয় এমন। তা হলে কি করি প্রেম বীজের রোপ্র।। আগে জানিতাম এই অমূল্য প্রণয়। করিলে না জ্যানি কত হয সুখোদয়।। পাইলাম ভাল ফল করিয়ে প্রণয়। মুখের কণালে ছাই জীবন সংশ্যা হায় হায় কি কঠিন পুরুষের মন। অনায়াসে অবলার বিনাশে জীবন !! আসি বলে আশা দিয়ে গেল রসরায়: ভুলিয়ে রহিল তথা পাইয়ে তাহায়।। বুঝি তার প্রেম রমে হয়েছে মগন। নতুবা বিলম্ব এত কিসের কারণ।। বুঝি সেই রসবতী পাইয়ে একান্তে ভুলাইয়ে রাখিয়াছে মম প্রাণকান্তে।। উহু উহু মরি মরি সরস বসত্তে। জর জর করে প্রাণ মদন সামস্তে। সহিতে না পারি আর ছঃসহ বিরহণ

তাঁহে স্মর শরে প্রাণ দহে অহরহ।।

এ নব ঘৌৰন আমি সঁপিলাম যার।

হাম হায় সেই জন রহিল কোথায়।।

যাবে না হেবিলে হয় পলকে প্রলম।

তাহার বিবহ বাণ কেমনেতে সয়।।

আহা মরি প্রাণনাথ গেলে হে কোথায়।

ক্ষ হল প্রাণ মন বিরহ আলাম।।

অবলারে দরশন দেহ একবার।

যহিতে না পারি আর বিরহ তোমার।

দৈতা কুমারীর বিলাপ।

এইকপে সুবদনী, যেন মণি **হারা** ফণী, করে বদা বিরলে রোদন। বৈর্য নাহিক মানে, ব্যাকুল বিরহ বাণে, বিবর্ণ হইল সুবরণ। শুকাইল বিপুমুখ, বিষাদে বিদীর্ণ বুক, কালীময় হল কলেবর। দারুণ বিরহ বিষে, অবলা বাঁচিবে কিসে, বুঝি যায় শমন নগর।। কাতীরে কহেন সতী, কোথা গেলে প্রাণপতি, অধীনীরে পরিত্যাগ করি।

ভোমার বিরহানল, করিরে বিষম বল, দহিতেছে প্রাণ মরি মরি॥ অবলা রম্ণী আমি, দেখা দেহ চিতলাহি, সাহবারে নাহি পারি আর। কোণায় রহিলে প্রাণ, হানিয়ে বিজেদ বা দহে প্রাণ নিদারুণ মার।। কি হেতু ছে গ্রাণপ্রতি, নিদয় আমার প্রতি, নুঝিবারে নাহি পারি আমি। করেছি কি অপরাপ, সাধিলে এমন বাদ, বল বল ওহে ভিতগামি॥ ্তান'র বিরুষ অসি, শ্রীরের মারে পশি-নিবন্তর কবিছে ছেদন। শাহ। মরি হাব হার, একবার রসরায়, कशीनीत्त (नश मत्रभन।।

হোরমুজের বিরতে দৈত্য-কুনারীর প্রাণ ত্যাগ।

এই ৰূপে সুবদনী বিষম বিরহে। ধরিতে না পারে প্রাণ কান্ত ধ্যানে রহে।। বিষম বিরহানল প্রবল হইল। বালার সরল প্রাণ দহিতে লাগিল।। , কোথা প্রানাথ এই কথাটি বলিয়ে। অচেতনে ধরাতলে প্রজিল ঢলিয়ে।। কতক্ষণে প্রেমময়ী পাইষে চেতন। श नाथ श नाथ वित्त करतन रतामन । ভাসিল নয়ন নীরে অঙ্গের তুকুল। বিষম বিরহে বালা হল স্থ*ুলে ভুল*া স্থামরি কি প্রণয়ের গুণ চমৎকার। গ্রেমদায় প্রাণ যায় বৃকি অবলার ৪ উঠৈঃসুরে কাঁদে ধনী করি হাহাকার। ক্রমে ক্রমে রুদ্ধি পায় বিবহ বিকার : শ্রীর অবশ হল শুকাল বদন। ক্ৰমে মদীময় হল সোণার ৰরণ।। মীরজ নয়নে নীর অনিবার বহে। তঃসহ বিরহ ছালা কত আর সহে। বিষম বিরহে ধনী অস্তির হইয়ে। নিবিজ কাননে চলে কাঁদিয়ে কাঁদিয়ে 🕫 বনে গিয়ে বসিল করিয়ে যোগাসন। কান্তৰপ ভাবে ধনী মুদিয়ে নয়ন।। ক্লি-প্রাথ প্রাথনাথে যতনে রাখিরে। ভাবেন নোহন ৰূপ একান্তে বসিয়ে।। ভাবিতে ভাবিতে আসি বিরহ অনল। প্রজ্ঞালত হইল দিগুণ করি বল।।

বিষম আলার স্থী অস্থির ক্ইজে : অবশ হইয়ে শেশে প্রিল চলিলে !! কাননের শোতা তাকে বাজিল বিভা খনিরে পড়ির যেন সূর্ণ শশ্ধর !! নিঃশাস চটন ভি. ক্রণিল প্রত দেহ ছেড়ে এল-পর্যা করিল গমন ল প্রভিত্তে এতিল মাখাম্য করেবত : প্রাণ তাজি গোল সভী সমর মধ্য চ बाभ भति अभितान सम्बाद दक्रमा। , প্রসাকরি '**জ**য় গ্রা**স**'শর জীবেন চ ভাৰণ কৃতিয়ে মন্ত্ৰা বালাও নিধন। असूर्य माधहरू १ । इपंच उर्शन ।। शञ्चटत प्यार्थितः। मञ्जो कदव स्टामन। কুমি তলে হাংছে ধনা করিয়ে শরন। উত্তার নরন কবি হাড়িয়াছে প্রাণ। **मिथित्य श्वांय जान महित अधान ॥** বলে আহা খেনময়ি ৰূপনি যুবতি। ্রেম করি হল তব এতেক ছুগতি।। আহা মনি গুণবতি প্রেমেন কারণে। বঞ্চিত হইলে তুনি অমূল্য জীবনে।। সবে কয় 2েমধন অতি সুখকর। আমি বলি প্রেম শুদ্ধ তুংখের আকর।। ধন্য ধন্য ধর্বাতলে ভূমি স্কুলোচনা। ধন্য ধন্য করেছিলে প্রেমের সাধন, ।। এত বলি মস্ত্রিবর বিষণ্ণ বদনে। যুবতীর গতি ক্রিয়া করিল যতনে।।

ং।রমুজের নিকটে গোলবাত্তর মনোত্রংখ প্রকাশ।

এখানে ইপ্লান দেশে হোমুজ সুজন। প্রেয়মীর সহ স্কুঞ্চে রহে অনুক্ষণ।। চির দিন পরে রায় পেরে প্রেয়সীরে। कृतिद्य थारकन सूच शर्याचित नीद्र ॥ চির দিন পরে হলে সুখদ মিলন। যে ৰূপ উপজে সুখ জানে সৰ্বজন। কুমার কুমারী দোঁহে প্রেম আলাপনে চ সুখের সাগবে ভাষে আনন্দিত মনে।। এক দিন করে ধনী কা**ন্ত করে ধরি**। শুন হৃদয়েশ কিছু নিবেদন করি।। কহিতে সে সৰ কথা বুক ফেটে যায়। এমন যন্ত্রণা যেন নারী নাহি পায়।। ওহে প্রাণ প্রিমপতি তোমার বিহনে। জ্বালায়েছে যত মোরে দাকুণ মদনে।।

त्म इश्न मिरस्ट भारत माहे कुल वा ক্হিতে সে সব কথা কেঁদে ওঠে প্রাণ।। गम्राग्त महत्र काकिल अगतः এক এক জন যেন যমের কিন্ধর।। মুণাকর মিন্ধ কর করি বরিষণ। मकिन आभात एक कति उ न्हन। नवीन नीवन द्वि मञ्च श्रातः। তোমা কিনে স্ফিল না রুচিত নয়নে।। त्त्रम भारत भागी कति निती गरः। স দদ। পড়িত মনে ও বিধুবদন।। কুসুমের মালা আর অগুরু চন্দন। इयागल गम (मह कतिल महन।। ফুটিত কণ্টক সম সূর্ণ ফাতর্ণ। বিষ সম বৌধ হত এ পী**ত বসন।।** মধন লাগিত গঙ্গে মলয় প্ৰন। দ্বানল বেধি মম হইত তথন।। এত চুঃপ সহিয়াছি তোমার বিহনে। বল প্রাণনাথ তুমি ছিলে হে কেমনে।।

গোলবামুর নিকটে হোরমুজের মনোত্রঃথ প্রকাশ। মরম বেদন। কহিব কভ তোমা বিনে ছুখ পেংমছি যত । যদি হে হইত সহস্ৰ মুখ ! বর্ণন করিয়ে ঘুটিত ছুখ।। কি কহিব ধনী এক বয়ান। তবু কিছু কহি শুন লো প্রাণ।। প্রেয়নি ভোমার বিরহ বাণে। সতত যে জ্থ পেগেছি প্রাণে।। কহিতে নে কথ। বিদরে বুক। মনেতে রুয়েছে মনের ছথ।। তোমার বিরহে কেঁদেছি যত। বর্ণেতে বর্ণন না হয় তত।। রাজ্য ভার পেয়ে হই কি সুখী। তোমার বিরহে সদত ছখী।। সহিতে না পেরে বিরহ বাণ। किँ एम किँ एम मना छेठिंच ख्रान ॥ তব মুখশশী মনে পড়িলে। ভাসিত নয়ন প্রেম সলিলে।। একেতে বিরহে দহিত তথু। আহো তাহে ত্বালা দিত অতকু। মোহন মূরতি তোমার প্রিয়ে।
ভাবিতান সদা হৃদে রাখিয়ে॥ প্রেয়সি কপাল মোর কেমন। তথাপি বিরহে দহিত মন।

হোরমুজের রুম-দেশে গমনোদেরীগ। প্রাণেশের বাণী শুনি স্কুন্দরীর মন। তানন্দ সাগ্র-নীরে হইল মগন।। পরে বিনোদিনী ধরি প্রাণনাথ করে। প্রেমাবে:শ বসিলেন পালম্ব উপরে।। পাইনে প্রিয়ার স্পর্শ নাগর স্কুজন। মরমে প্রম হর্ষ মাতিল মদন ।। নাগরী পাইয়ে পাশে নাধের নাগরে। ভাসিল মনের স্কুথে রুসের সাগরে॥ এইৰপে গুণবতী প্ৰেম আলাপনে। বঞ্চিল সুখের নিশি রতি জাগরণে॥ যামিনী প্রভাত হেরি নাগর সুজন। প্রিয় সম্বোধন করি প্রেয়সীরে কন।। আসিয়াছি বছ দিন ত্যজি বাপ মায়। এখানে থাকিতে আর মন নাহি যায়।। অতএব প্রেয়সি হে হয়েছে মনন। **চল आंकि क्रमरमर्ग कतिव शमन !!** 

আমার বিহনে তথা ও চন্দ্র বদনি। না জানি কেমন আছে জনক জননী।। অতএৰ বিনোদিনি হও সুসজ্জিত। অন্ত আমি রুমদেশে যাইব নিশ্চিত। अनित्य नात्थत वाशी इतित्य नाशती। নুসজ্জিত হইলেন বেশ ভূষা করি।। এখানে বাহিরে আসি হোমু জ স্কুমতি ট অনুমতি করিলেন সৈনাগণ প্রতি॥ বাজ বাজ বৈন্যগণ আমার আদেশ। করিব গমন আমি আজি রুমদেশ।। ভূপের আদেশ পেরে যত দৈন্যগণ। সুসজ্জ হইল শুনি সুদেশে গমন।। অভঃপর যুববর হোরু জ সুজন। মন্ত্রিবরে রাজকার্য্য করিল অর্পণ।।

হোরমুজের দৈত্য ভবনে গমন।

যুবরাজ নিজ সাজ যতনে করিয়ে।
প্রাণাধিকা প্রেরসীরে সঙ্গেতে লইরে।।

সংসেব্যেতে যুবরাজ করেন গমন।

হুংখনীরে মগ্র হল যত প্রজাগণ॥

নানা দেশ নদ নদী ছাড়ায়ে কানন।

উপনীত অবশেষ দৈত্যের ভবন।।

কুঃ ্র পাইয়ে তবে সচিব প্রধান। রাজ ব্যবহারে বহু করিল সন্মান এ বস্ইল যুবরাজে রত্ন সিংহা**সনে**। নানা উপহারে ভোষে যত দৈনাগ্রে ভৃষ্ট হয়ে যুবয়াজ স্চিবের প্রতি। মধুর বচনে কারে কহেন ভারতী।। বল মন্ত্রিবর শুনি বিবর্ণ। ্ত্যন আছেন মন প্রেয়সী রতন।। भौत्रव श्रेरल (कम यल मा रल मा) প্রাণে কি আছেন বৈচে সে নব ল**লনা**।; শর্বের শশী জিনি 🕮 বদন যার। বল বল ম**ঞ্জিবর সুমঙ্গল তার**।। কমল নদুশ যার **নয়ন যুগল।** মবোধর প**রোধর জিনি শতদল।।** জিনিয়ে হরি**দ।** চাঁপা **অঙ্গের ব**র্ণ। বল বল কোথা সেই প্রেয়সী রতন।। मौत्रद्य त्रहिरल **रक्न वल विवत्**र। সুমন্ত্ৰল শুনি তার যুড়াক জীবন ।।

মন্ত্রি কর্ত্বৃক দৈত্য-কুমারীর বিবরণ বর্ণন।

কি কব রাজন সে সব তথ। কহিতে বিদরে আমার বুক।। नवीन। ललन। त्म विश्रू श्री। তোমার বিরহে হইয়ে ছথী 🛚 দিবানিশি ধনী বিরলে বসি। ভাবিত তোমার ও মুখ শশী।। রোদনে যামিনী হইত গত। কহিতে না পারি যাতনা যত। সর্বাদা কহিত কোঞ্চা হে কান্ত। व्यवनात वृक्षि इस প्रानाम् ॥ আর যে যাতনা সহিতে নারি। সহজে অবলা সরলা নারী। বিরহ সহিতে নারি সুমুখী। পশিল কাননে হইয়ে ছখী।। যোগাসনে: বসি নিবিভ বনে। তর মুখ শশী ভাবিত মনে।। এ সুখ সম্পদ ভাবিয়ে ছার। ভোমা বিনে বন করিল সার । বিরহে কাতর হইয়ে সতী। সমর নগরে করিল গতি।।

ুতোমা ধনে ধনী হৃদয়ে রাখি। িদেখিতে দেখিতে মুদিল গোঁখি।

লিয়তুমার **মৃ**ত্যু শ্রবণে হোরমুজের বিলাপ<sup>ু</sup> আহা মন্তি কি কহিলে, মম সেই চাৰুশীলে, তত্ব তাজি সূরপুরে, করেছৈ গমন তে। আহা মরি হায় হায়, প্রাণাধিকা সে প্রিয়ার, আর না দেখিতে পাবে আমার নয়ন হে।। কি কহিলে মন্ত্রিবর, স্কদি হল জর জর-কেমনে ধরিব ্রাণ, বিনেসে রতন হে। কি কহিব হায় হায়, খেদে বুক ফেটে যায়, প্রাণাধিকা প্রেষ্ট্রীর শুনিয়ে মরণ হে 🛭 ভাহ। মরি সে নবীনা, না জানিত জাম। বিনা, বিনা দোষে করিলাম প্রিয়ারে নিধন হে। আহা প্রিয়ে গুণবতি, তাজি প্রাণ প্রিয়পতি, একা তুমি স্থাপুরে করিলে গমন হে। হার হার হার হরি, মোরে লহ সঙ্গে করি, তবেত আমার ছঃখ হয় নিবারণ হে। নতুবা হে প্রাণপ্রিয়ে, তোমার বিরহে হিয়ে, দ্হন ইইবে মূম যাবত্ জীবন হে।। কোখা গেলে বিধুমুখি, করিয়ে বি<mark>র্থ</mark>ম ছখী, গুণবৃতি একবার দেহ দরশন হে।

তব বিরহের ভার, সহিতে না পারি আর, বুঝি যায় এ জীবন শমন সদন হে।।

## প্রেরসী বিয়েগে হোরমুজের ননোত্রংখ।

এইৰূপে প্ৰিয়া বিদে হোমু জ সুধীর। ঝর ঝর তুনয়নে বহে শোক নীর।। বলে আহা প্রেয়সি হে করিয়ে কেমন ! একা তুমি সুরপুরে করিলে গমন।। বাঁচিয়ে রহিল তব প্রাণাধিক পতি। উচিত লইতে সঙ্গে ওহে গুণবতি॥ হায় রে প্রাণের প্রাণ ত্যজিরে জীবন। করিলে ছঃখের নীরে আমারে মগন॥ হায় হায় গুণবতি প্রেয়সি আমার। আর না দেখিব আমি বদন তোমার।। কমলনয়না তব হান্ত মনোহর। আর না যুড়াবে মম তাপিত অন্তর।। আর না গাঁথিবে মালা আমার কারণে। হার হার হারালাম প্রাণের রতনে।। কোথা গেলে গুণবতি ত্যজিয়ে সামায়। দশ্ব হল প্রাণ মন বিষম ত্বালার।।

শানীমুখি দরশন দেহ একবার।
তার না দহিতে পারি বিচ্ছেদ ভোমার।।
ইরানে কি যাত্রা করেছিলাম কুক্ষণে।
তাই হারালাম প্রাণ প্রেরুমী রতনে।।
হার হার হরি হরি করি কি উপার।
কোখা গেলে পাব আমি ষে প্রাণ প্রিয়ার ।
প্রিয়ার সহিত দেখা নাহি হল আর।।
তবে আর কিবা কাজ রাখি এ জীবনে।
এখনি ত্যজিব প্রাণ পশিয়ে জীবনে।।
এইরপে যুবরাজ করেন রোদন।
প্রেরুমীর প্রেমর্গে হইরে মগন।।

পতি প্রতি গোলবানুর প্রবোধ প্রদান।
কেন হে পতি হে কর রোদন।
ভাসিছে জলেতে ছটি নয়ন।।
শশাক্ষ জিনিয়ে যে মুখ শশী।
দেখিতে দেখিতে হইল মসি।।
কি হেতু নাগর হলে এমন।
কার তরে এত কর রোদন।।
কে তব প্রেয়সী হে রসরায়।
সুক্রপ বচনে বল আমায়।।

না জানি সে ধনী কেমন ধনী।
বল বল সোরে হে গুণমণি।।
দেখিয়ে ভোমার বিরস মুখ।
বিদীর্ণ হতেছে আমার বৃক্ত।
ভাসিছে নয়ন শোকে একান্ত।
বিশেষ করিয়ে বল হে কান্ত।
শুনিয়ে নাগর কহে অমনি।
শুন শুন ওহে রমণী মণি।।
যে ছথেতে আমি করি রোদন।
এক মুখে নাহি হয় বর্ণন।।

গোলবারুর নিকটে হোরয়জের পুরু রুত্তান্ত বর্ণন।

যাইতে যাইতে ধনী ইরান নগরে।
উপনীত হই এক কানন ভিতরে।
নির্পিয়ে রমণীয় নিবিজ্ কানন।
মুগন্ধা করিতে মম হইল মনন।
ক্তিপায় সৈন্য লয়ে প্রেবেশি কাননে।
হইলাম আন্ত অতি মৃগ অন্তেষণে।।
মনোহর মৃগ এক দর্শন করি।
হইলাশ্যান্য মম তারে শীঘ্র ধরি।।

আমারে দেখিয়ে মৃগ করিল পয়ান। পশ্চাৎ পশ্চাৎ যাই লয়ে ধমুর্কাণ।। वच्च करके नातिलाम धतिरा कूतक। शलाइल मुक्कारनं कति नाना तक ॥ তথাপি ক্লাহই কান্ত মৃগ অন্বেষণে। क्रायक्रा विननाम निविष् कानति।। প্রচপ্ত মার্ত্ত তাপে শুকাল বদন। পিপাসার ছাত্তি কাটে না পেয়ে জীবন। দূরে হতে দেবিকাম এক সরোবর ৮ নানা বৰ্ণে ক্লফ শোভে দেখিতে স্কুন্দর।। ধীরে ধীরে তথার করিয়ে আগমন। প্রাণ পাইলাম পান করিয়ে জীবন।। এক রক্ষে ভুরঙ্গেরে করিয়ে বন্ধন। हुक्छात बर्ग कृति मभीत (मबन।। অপুর্ব্দ কানন শোভা মনোহর ভতি। বিরাজিত তথ¦ সদা রতি র**তিপতি**॥ এক্ষুটিত নানা ফুল দেখিতে সুন্দর। মধুলোভে ভ্রমিতেছে ভ্রমরী ভ্রমর ॥ সরোবরে প্রক্ষুটিত কত শতদল। হেরিয়ে মানস অতি হইল চঞ্চল।। তোমার বিরহ মনে উদয় হইল। ৰল করি মনঃপ্রাণ দহিতে লাগিল 🐧

ভাৰিতে ভাবিতে তব ও বিধু বদন। निष्ठा जाति (नव नश कतिन शिवन । অচেতনে ধরা তলে পাতি হে চলিয়ে: আনন্দেতে নিজ্ঞা যাই ধরায় পাজিয়ে । কমে নিশি স্কুগভীর হইল যখন। এক দৈত। ভাগি মোরে করিল হর**ণ** কারাগারে লাখে মোরে বন্ধন করিযে। নিদ্রা ভঙ্গে তেবে মার বন্ধন দেখিয়ে।। এইকপে কিছু কাল বন্ধন দশায়। মহ। কটে বঞ্চিলাম প্রেয়সি তথায়। रेम्टरात आहिल अक शालिया निकासी। খনুত। সে রস্বতী যেম্ম প্রিমী॥ ্চরিয়ে আমার কপ মোহিত **হইরে**। 'বনয়ে কহিল ধনী নিকটে আদিয়ে।। ত্ৰ প্ৰেমাণ্বে মন হইল মগন। নিবার মনোজ জাল। করিয়ে মিলন।। জামি কহিলাম ভূমি কাহার ননিদ্নী। ক্ষেমনে ভজিব আমি তোমারে না চিনি । কপর্না যুবতী তুমি পরের ললনা। কেমনে মিলন হৰে সুৰূপ বলন।।। अनि वित्नािन्नी कर्ट अन त्रमश् । হাজিম অনুচ। আমি বিৰাহ না হয়।

পেইর নামেতে হেখা ছিল নরবর। ভাঁহার নন্দিনী আমি শুন গুণাকর 🕦 এই চুরাচার দৈতা করি আগমন পুর°শেতে জনকেরে করিল নিধন ।। দ্য়া করি রাখিয়াছে আমার জীবন : জনয়ার মত করে লালন পালন।। অতথ্য সন্দেহ করু না গুণমণি। বিবাহিত। লহি আমি অনুঢ়া রমণী। ত্ব পদে রসরাজ মিনতি আমাব। মিলন করি য়ে প্রাণ বাঁচাও বালার।। <sup>দহি</sup>তেছে মনঃ আণু নিদাকণ <mark>মার।</mark> কুমুম আয়ুবে বাণ করিয়ে প্রহার 🛭 প্রক্রিক মিলন বারি করি বরিষণ। ্ধুবরাজ অবলার যুড়াও জীবন।। এইৰূপে ধনী বহু বিনয় করিল। নধুর বচনে মম মানস মোহিল।। কহিলাম আমি তারে মধুর বচনে। দেখ না ৰূপদি আমি আছি তে বন্ধনে ।৷ যদি মোরে ধন্ধর্কাণ দাওকে আনিয়ে। বুড়াই তোমার প্রাণ দৈত্যেরে নাশিয়ে।। ওনি ধনী মুক্ত করি আমার বন্ধন। ধমুকণি আনি মোরে করিল জ্পণ।।

ধনুর্কাণ পেয়ে আমি আনন্দিত মনে। বধিলাম নিশাচরে প্রেবেশিয়ে রণে।। দৈত্যের নিধন দেখি স্কল্ফরী তথন। আনন্দ সাগর নীরে হইল মগন। তদন্তরে গাঁথি সাধে কুসুমের মালা। আম'ব গলেতে দিল নৃপতির বাল। । গাস্বক বিধানে তারে করি পরিণয়। ৰিধিমতে করিলেক স্মরে পরাজয় । পারেতে বস্থ কাল আইল ভুবনে। कृषिल कुसूम एठ कुसूम कानरन।। ন্যনে নির্থি ভার শোলা চমৎকার। জাগিয়ে উটিল মনে বিরহ তোমার।। পরে এই মন্ত্রিবরে রাখিয়ে এখানে। তোমার উদ্ধার হেতু গেলাম ইরানে। বল্প কষ্টে সে রাজনে করিয়ে নিধন। এখানে আসিয়ে দেখি প্রিয়ার মরণ। শুনিয়ে নাথের বাণী রূপদী তথন। অসুখ সাগরে নীরে হইল মগন।। কান্তের রোদন দেখি রস্বতী ধনী। প্ৰবোধ ৰচনে কয় শুন গুণমণি।।

গোলবাত্ন কর্তৃক হোরনুক্তের প্রতি প্রবোধ প্রদান।

কর না রোদন হে প্রাণপতি। মতী সাশ্ধী অতি সেই যুবতী।। সহিতে না পারি বিরহ বা**ং**∂ স্থার নগরে করে প্রান।। মূভ্যু সঙ্গে সঙ্গে হে প্রাণপতি। বেচে থাকা নাথ আশ্চর্য্য অতি !! दर्द । कि कतिरव खर खाराम । প্রমায়ু তার হইল শেষ।। স্থাবপুৰে লগতে গেল চলিয়ে। কার শাধ্য তারে রাখে ধরিছে ॥ সংসারের এই রীতি হে কান্ত: ৰময় হইলে লয় কৃত্ৰি।। এতে শোক নাথ আর করন।। কি কব তোমারে তুমি জাননা देधर्गापत नाथ यम बहुदन। কেটে যায় বুক তব রোদনে।। আমি তব দাসী হে প্রাণপতি। রাধ রাখ নাথ মম মিনতি।। প্রাণে বেঁচে যদি থাক হে পতি। পাইবে অমন কত যুবতী।।

হোরমুজেব সুদেশ গমন। প্রিয়ার বচনে মন কিছু হল শান্ত। হইলেন বুবরাজ রোলনেতে ক্ষান্ত।। কিছু দিন মণোস্কথে নাগর স্কেন : করিলেন প্রিয়াসহ তথায় বঞ্চন।। প্ৰতিদিন নৰ ভাবে মজাইয়ে মন। প্রাণের প্রিয়ারে দেনপ্রেম আলিঙ্গন এ **সুন্দরী** প্রফুল্ল **অতি পাই**য়ে নাগরে ! মনোসাধ পুরে ভাসে স্কংখন দাগরে।। এইয়পে কতেক অয়ন গত হয়। যাইতে আপন দেশে ৰাভ রনময়।। **এক দিন কহে** রায় প্রানের প্রিয়ায়। এখানে থাকিতে আর মন নাহি যায়।। আসিয়াছি বহু দিন ত্যাজ বাপ মায়। অতএব সুদেশেতে যাইব স্বরায়।। এখানে থাকিয়ে আর কিবা প্রয়োজন। চল কালি প্রভাষেতে করিব গমন॥ শুনিয়ে নাথের বাণী ক্রহে সুবদনী। তোমার অধীনী আমি ওহে গুণমণি।। যথায় যাইবে জামি যাইব তথায়। ইহাতে অন্যথা মম নাহি রসরায়।। ভনিয়ে প্রিয়ার বাণী নবীন রাজন।

বৈন্যগণে সাজিবারে কছেন তথ্য।। ভূপতির অনুমতি পেয়ে সেনাগণ। হ্রিষে সাজিল জ∣নি সুদেশ গমন ॥ দৈন্য স্থাসজ্জত দেখি হরিষ অস্তরে। আপনার বেশ করে হর্মুজ স**ন্থরে**॥ বেশ ভূষা করে রায় **আনন্দিত মনে।** यादा करत क्रमरमर्ग (असमीत मरन। কত দেশ নদ নদী ছাড়ায়ে স্থায়িত 1 অবশেষে রুমদেশে হন উপনীত।। প্রেমানন্দে যুৱরাজ লইয়ে প্রিয়ায়। প্রণাম করিল আসি মা বাপের পায়।। রাজরাণী সুখার্ণবে হইল মগন। দরিত পাইল যেন মহা রত্ব ধন। অন্তরের ছুখ যত লাঘ্ব হইল। প্রেমানন্দে পুত্র গুল্রবঁধু ষরে নিল।। ুপুনকার বুবরাজ বসি সিংহাসনে। প্রজার পালন করে আনন্দিত মরে।। অবকাশ পেয়ে তবে কৌছর রাজন। রাজ্ঞীগণ সহ করে অরণ্যে গমন।। নিরঞ্জনে এক মনে খারাধনা করি। चमक्क नर्गदत रनन रमर शतिक्ति॥ अक्कार्व।

## বিজ্ঞাপন 1

1436121	
শীস্বারকানাগ রায় কৃত পুস্তক।	भ ना
্রাস্বসামৃত, 🤇	13
सूमील-मञ्जी	116
সুল ল-পত্রিকা, প্রথম বঙ্	Ä
ঐ দিতীয় বণ্ড	111
পাঠামৃত	fo :
রসরাজ	m; d
<b>टगर्युल</b> इ	. •
বিশ-মঞ্চল নটিক	110
শীদারকানাথ রাজ সাহায়েয়া কৃত ও প্	রি- 🚆
শোধিত গুস্তক। 🦯 🐇	es.
লয়ল:-মজন্ত্র। দ্বিতীয়-ক্লার র্যায়ত : 💮 🔑	>;
মুগাৰতী-যানিনী ভাল	110
্গোলেবে-সেন্থুয়ার	N.
বাহার-দানেশ	3
কলি-চরিত	' lin's.
তকোপাখ্যান :	10/63
जीवन्प-रितान	110
ग्रांचामा,	1100
<b>मी</b> ञांदरग <sup>े</sup> _	1100
हेमक-क्लान	ha
কুৰীৰ সহৰ	110
(यक्न-शस्त्र)	и≸
গোল-হরমুজ	3
<b>बिकाको नकी छ</b>	7
<b>AN 2001</b>	` 1
A Late of the late	